

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর তাকে যাকারিয়ার তত্ত্বাবধানে
সমর্পণ করলেন। যখনই যাকারিয়া
মেহরাবের মধ্যে তার কাছে
আসতেন তখনই কিছু খাবার
দেখতে পেতেন।
সূরা আল ইমরান ৩৭

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ২২ রবিবার ১১ মে ২০২৬ ১৪ জিলকুদ ১৪৪৭ ২০ বৈশাখ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৪০ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
গ্যাম্বুয়া সিমেন্ট
হাইড্রেট মস্টার সিমেন্ট
সেবা: ০২৯১০০৬৬৬০৫, ০২৯১০০২৭৭০৪



তোমরা প্রত্যেকেই দেশের
অ্যাথাসেডর: শিশুদের
উদ্দেশ্যে প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
দীর্ঘ ১৯ বছর পর ফের শুরু হয়েছে
শিশু-কিশোরদের জীভা অশেষণ
প্রতিযোগিতা নতুন কুড়ি। শনিবার (২
মে) ২ এর পাতায় দেখুন



তরুণ প্রজন্মকে অবক্ষয়ের
দিকে ঠেলে দিয়েছিল
ফ্যাসিস্ট শাসন: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
শিক্ষামন্ত্রী ড. আনাম হুসেনুল হক
মিলন বলেছেন, বিগত ফ্যাসিস্ট
সরকারের আমলে দেশের তরুণ প্রজন্ম
সামাজিকভাবে ২ এর পাতায় দেখুন



গণভোটের রায় অস্বীকার
করে সরকার দেশকে
সংকটের দিকে ঠেলে দিচ্ছে

কীর্তনখোলা ডেস্ক
গণভোটে জনগণের প্রত্যক্ষ রায়কে পাশ
কাটিয়ে সরকার ইচ্ছাকৃতভাবে দেশকে
এক গভীর রাজনৈতিক ও সাংবিধানিক
সংকটের ২ এর পাতায় দেখুন



বিএনপির রাজনীতি
এখন সংস্কার নয়
ক্ষমতাকেন্দ্রিক: আখতার

কীর্তনখোলা ডেস্ক
সংস্কার নয়, ক্ষমতাকেন্দ্রিক মন্তব্য
করে জাতীয় নাগরিক পার্টির
(এনসিপি) সদস্য সচিব আখতার
হোসেন ২ এর পাতায় দেখুন

‘নতুন কুড়ি স্পোর্টস’ প্রতিযোগিতার উদ্বোধন তোমাদের ওপরই নির্ভর করছে আগামীর বাংলাদেশ: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে প্রতিভা
অশেষণ কর্মসূচি ‘নতুন কুড়ি স্পোর্টস’র উদ্বোধনী অনুষ্ঠানে যোগ
দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার বিকাল পৌনে ৪টায়
সিলেট জেলা স্টেডিয়ামে
শিশু-কিশোরদের উপস্থিতিতে
এ অনুষ্ঠান শুরু হয়।
সারাদেশে শিশু-
কিশোরদের মধ্য থেকে
প্রতিভা অশেষণে এই
প্রতিযোগিতা শুরু হলো।
এর মাধ্যমে তৃণমূল
পর্যায় থেকে প্রতিভাবান
ক্রীড়াবিদ গড়ে তুলতে
চায় সরকার। বিএনপির
নির্বাচনী ইশতেহার
অনুযায়ী এ কর্মসূচি
বাস্তবায়ন করছে জীভা
পরিদপ্তর; তত্ত্বাবধানে
আছে যুব ও ক্রীড়া
মন্ত্রণালয়। আশির
দশকের জনপ্রিয় প্রতিভার অশেষণ কর্মসূচি ‘নতুন কুড়ি’
ধারাবাহিক্যে এবার জীভাকেন্দ্রে প্রতিভা খুঁজে বের করতে নেওয়া
হয়েছে এই উদ্যোগ। উদ্বোধন অনুষ্ঠানে শিশুদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী



ইসলামের (বর্তমান জীভা প্রতিমন্ত্রী) সঙ্গে লভনের একটি রেস্টুরেন্টে
বসে আমরা নতুন কুড়ি পুনরায় শুরু করার সিদ্ধান্ত নেই। সারা দেশের
শিশু-কিশোরদের সম্পৃক্ত করে একটি ২ এর পাতায় দেখুন

গৌরনদীতে ২৮ পিস ইয়াবাসহ সাত মামলার আসামি গ্রেপ্তার

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে সাতটি
মাদক মামলায় আসামি সাইদুল
তালুকদারকে (৫৭) ফের
ইয়াবাসহ গ্রেপ্তার করেছে পুলিশ।
গুরুত্বপূর্ণ দিবাগত রাতে
উপজেলার কটকহুল এলাকা
থেকে তাকে গ্রেপ্তার করা হয়।
গ্রেপ্তারকৃত সাইদুল ওই গ্রামের
মৃত সিরাজুল তালুকদারের
ছেলে। গৌরনদী মডেল থানার
ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক
হাসান রাসেল জানান, গোপন
সহবাদের ভিত্তিতে কটকহুল
এলাকার মইনুল দরামীর বাসায়
অভিযান চালায় পুলিশ। এসময়
২৮ পিস ইয়াবাসহ সাইদুলকে
হাতেনাতে গ্রেপ্তার করা হয়। এ
ঘটনায় এসআই সাইফুল ইসলাম
বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ
আইনে নতুন একটি মামলা
দায়ের করেছেন। পুলিশ সূত্রে
আরও জানা গেছে, গ্রেপ্তারকৃত
সাইদুল ২ এর পাতায় দেখুন



বরিশাল স্টেডিয়ামে নতুন কুড়ি স্পোর্টস আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান-কীর্তনখোলা

মির্জাগঞ্জে বেড়িবাঁধ সংস্কারের নামে প্রায় দুইশ গাছ উপড়ে ফেলার অভিযোগ

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার
বেড়িবাঁধ ও সড়ক সংস্কারের
নামে প্রায় ৩০ বছর আগে রোপণ
করা বিভিন্ন প্রজাতির প্রায় ২০০
গাছ উপড়ে ফেলার অভিযোগ
উঠেছে পানি উন্নয়ন

(পাউরো) ও সংশ্লিষ্ট ঠিকাদারি
প্রতিষ্ঠানের বিরুদ্ধে। এতে
স্থানীয় গাছের মালিক ও
উপকারভোগীরা আর্থিক ক্ষতির
মুখে পড়েছেন বলে দাবি
করেছেন। স্থানীয় লোকজনের
অভিযোগ, বেড়িবাঁধ সংস্কারের
সময় নিয়ম না মেনে ও
রাজনৈতিক প্রভাব খাটিয়ে
গাছগুলো এককোণে বিনষ্ট করে
গাছগুলো ফেলা হয়েছে। ফলে
একদিকে উপকারভোগীরা
ক্ষতিগ্রস্ত হয়েছেন, অন্যদিকে
২ এর পাতায় দেখুন

আজ থেকে শুরু চার দিনের ডিসি সম্মেলন

কীর্তনখোলা ডেস্ক
বিএনপি নেতৃত্বাধীন নতুন
সরকার দায়িত্ব নেওয়ার পর
আজ রোববার (৩ মে) থেকে
শুরু হতে যাচ্ছে চার দিন ব্যাপী
জেলা প্রশাসক সম্মেলন। সকাল
সাতটো ১০টায় প্রধানমন্ত্রী তারেক
রহমান এ সম্মেলনের উদ্বোধন
করবেন। শনিবার (২ মে)
বিকালে সচিবালয়ের মন্ত্রিপরিষদ
বিভাগে আয়োজিত সংবাদ
সম্মেলনে ডিসি সম্মেলনের
বিস্তারিত ভূমি ধরেন অতিরিক্ত
সচিব মো. হুমায়ুন কবির। এ
ছাড়া মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল
গনি সেখানে উপস্থিত থেকে
২ এর পাতায় দেখুন

সৌদি পৌঁছেছেন ৪১ হাজার ৬২৯ বাংলাদেশি হজযাত্রী

কীর্তনখোলা ডেস্ক
এখন পর্যন্ত ১০৪টি ফ্লাইটে ৪১
হাজার ৬২৯ জন বাংলাদেশি
হজযাত্রী সৌদি আরবে
পৌঁছেছেন। এদের মধ্যে
সরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ৪
হাজার ৭১ জন ও বেসরকারি
ব্যবস্থাপনার হজযাত্রী ৩৭ হাজার
৫৫৮ জন। শনিবার (২ মে)
রাত ৩টায় ধর্ম মন্ত্রণালয়ের হজ
পোর্টালে আইটি হেল্পডেস্কের
দেওয়া প্রতিদিনের বুলেটিন
থেকে এ তথ্য জানা গেছে। এর
মধ্যে বিমান বাংলাদেশ
এয়ারলাইন্সের ৪৯টি, সৌদি
এয়ারলাইন্সের ৩৭টি ও ফ্লাইনাস
২ এর পাতায় দেখুন

প্রেমিকার সঙ্গে ঝগড়া রাজধানীতে বিশ্ববিদ্যালয় ছাত্রের ‘আত্মহত্যা’

বালকাঠি প্রতিনিধি
রাজধানীর মোহাম্মদপুরে
প্রেমিকার সঙ্গে ঝগড়ার জেরে
বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র
কীটনাশক পানে আত্মহত্যা
করেছেন বলে জানা গেছে। তার
নাম সৌরভ হালদার (২৫)।
তিনি ইউনাইটেড ইন্ডিয়াসিটির
শেষ বর্ষের শিক্ষার্থী ছিলেন।
সৌরভ হালদারের বাড়ি
বালকাঠি সদরের ভিমরুলী
এলাকার। তার বাবার নাম অমল
হালদার। পরিবারের নাম অমল
মোহাম্মদপুরের রায়ের বাজার
এলাকার ভাড়া বাসায় থাকতেন।
২ এর পাতায় দেখুন



বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিকদল, বরিশাল মহানগর ও জেলা।

নানা আয়োজনে নগরীতে মে দিবস পালিত

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নানা আয়োজনে মহান
মে দিবস পালিত হয়েছে।
দিবসটি উপলক্ষে বিভিন্ন শ্রমিক
সংগঠনের উদ্যোগে পৃথক পৃথক
শ্রমিক সমাবেশ ও র্যালি বের
করা হয়। গুরুত্বপূর্ণ দুপুর ১২ টায়
নগরীর সদর রোডে বিএনপির
দলীয় কার্যালয়ের সামনে এক
সমাবেশ ও র্যালির আয়োজন
করে বরিশাল জেলা ও মহানগর

শ্রমিকদল। সমাবেশে প্রধান
অতিথির বক্তব্য দেন, বরিশাল ৫
আসনের সংসদ সদস্য
এ্যাডভোকেট মজিবুর রহমান
সরোয়ার। এতে অন্যান্যের মধ্যে
বক্তব্য দেন, বরিশাল সিটি
কর্পোরেশনের প্রশাসক
জাহান শিরিনসহ দলের
নেতাকর্মীরা। সংসদ সদস্য
এ্যাডভোকেট মজিবুর রহমান

সরোয়ার বলেন, বর্তমান সরকার
গণতান্ত্রিক সরকার। শ্রমিকরা
গণতান্ত্রিক সরকারের সময়
অবহেলিত থাকবেন। শ্রমিকদের
অধিকার প্রতিষ্ঠার জন্য তিনি
সকলকে একত্রিত থাকার
আহ্বান জানান। পরে নগরীতে
একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে
শহরের প্রধান প্রধান সড়ক
প্রদক্ষিণ করে দলীয় কার্যালয়ের
২ এর পাতায় দেখুন

ভাড়া বাসা থেকে নারী কনস্টেবলের লাশ উদ্ধার

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় মেহেরনোছা উর্মি (২৮) নামের এক নারী
পুলিশ সদস্যের লাশ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (২ মে) ভোরে
উপজেলার টিয়াখালী ইউনিয়নের পশ্চিম বাদুরতলী গ্রামের একটি
ভাড়া বাসার তৃতীয় তলার কক্ষ
থেকে তার মরদেহ উদ্ধার করা
হয়। নিহত উর্মি বাউফল
উপজেলার ইন্দ্রপুর গ্রামের
বহিষ্কৃত পুলিশ সদস্য মহিবুর
রহমান বাব্বীর স্ত্রী। তিনি
আমতলী পৌর শহরের
শাহজাহান মিলার মেয়ে এবং
কলাপাড়া থানায় কনস্টেবল
পদে কর্মরত ছিলেন। দুই
সন্তানের জননী উর্মি দীর্ঘদিন
ধরে পরিবারসহ কলাপাড়ায়
বসবাস করছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, প্রায় ৮ মাস আগে
উর্মি তার স্বামী বাব্বী এবং দুই সন্তানের নিয়ে পশ্চিম বাদুরতলীর
বাসিন্দা আমিরুল ইসলামের পাঁচতলা ২ এর পাতায় দেখুন

কনস্টেবলের অন্তঃসত্ত্বা স্ত্রীর লাশ উদ্ধার

রাজপুর প্রতিনিধি
বালকাঠির রাজপুরে ভাড়া বাসা
থেকে এক পুলিশ কনস্টেবলের
অন্তঃসত্ত্বা স্ত্রীর লাশ উদ্ধার
করেছে পুলিশ। গুরুত্বপূর্ণ (১ মে)
রাত সাড়ে ১১টার দিকে
উপজেলার বাঘড়ি বাজারের
মসজিদ গলি এলাকার একটি
বাসা থেকে মনি আক্তার (২৫)
নামের ওই গৃহবধূর মরদেহ
উদ্ধার করা হয়। নিহত মনি
আক্তার উপজেলার বামনকাঠি
এলাকার খলিলুর রহমানের
মেয়ে। তার স্বামী মুর উদ্দিন
বালকাঠি জেলা পুলিশের
কনস্টেবল হিসেবে কর্মরত।
তবে তিনি গত ৫-৬ মাস ধরে
কর্মহীন ২ এর পাতায় দেখুন

স্ত্রী-ছেলে কারাগারে বানারীপাড়ায় নির্মম নির্যাতন চালিয়ে জেলেকে হত্যা

বানারীপাড়া প্রতিনিধি
বরিশালের বানারীপাড়া উপজেলার সৈয়দকান্ঠা
ইউনিয়নের নলগ্রী গ্রামে হাবিবুর রহমান মোল্লা
(৫০) নামের এক জেলেকে হত্যার অভিযোগে তার
স্ত্রী ও ছেলেকে গ্রেপ্তার
করা হয়েছে। শনিবার
(২ মে) সকালে
তাদের বরিশালে
আদালতের মাধ্যমে
জেলহাজতে পাঠানো
হয়। এর আগে
গুরুত্বপূর্ণ (১ মে)
নিহত হাবিবুর রহমান
মোল্লার বাবা আঃ
মুন্নাভ মোল্লা বাদী
হয়ে তার ছেলেকে পরকল্পিতভাবে মারধর ও
নির্যাতন করে হত্যার অভিযোগ এনে পূর্ববধূ
সেলিনা বেগম ও নাতি সাগরকে আসামী করে
২ এর পাতায় দেখুন

বানারীপাড়া থানায় হত্যা মামলা দায়ের করেন।
মামলার বাদী ও স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিনের
পারিবারিক কলহের জেরে হাবিবুর রহমান মোল্লাকে
তার স্ত্রী ও ছেলে পরিকল্পিতভাবে নির্মম নির্যাতন
করে হত্যা করেছে।
বৃহস্পতিবার, (৩০
এপ্রিল) রাতের
আধারে তাকে বেদম
মারধর ও নির্যাতন
করে হত্যা করা
হলেও গুরুত্বপূর্ণ (১
মে) সকালে তার
মৃত্যুর খবর
জানাছিল হয়। তার
মৃত্যুর খবর ছড়িয়ে
পড়লে নলগ্রী গ্রামে শোকের পাশাপাশি কোডেরও
সৃষ্টি হয়। ঘটনাস্থলে উৎসুক জনতার ভিড় জমে
যায়। গ্রামবাসীরা ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলগ্রী, রাজপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। গ্রাহ্যিকের অবশ্যই কর্মপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

শত শত শতাব্দীর শিক্ষক, সচিব বাসার প্রখ্যাত বাংলা ভাষাপটীত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রাহ্মোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক সচিবালয় সচিব

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকরণের ভিত্তিতে সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নব্বয় প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিধিদের প্রধান পদীক্ষক, সরকারি আশরাফিয়া হাইস্কুলের বাংলা প্রভাষক কবি, পদেযক ও সূচনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সবর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শাহজাহান, সবর রোড, বরিশাল 01711-264963	অব্জুর লাইব্রেরি সবর রোড, বরিশাল 01708-868515	অব্জুর লাইব্রেরি সবর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সবর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সবর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহজাহান, সবর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সবর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুগু কলি ও কলিকাতা পল্লী, বরিশাল 01719-408049	নিউকেন্দ্র লাইব্রেরি বি.এম. কলিকাতা পল্লী, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলিকাতা পল্লী, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলিকাতা পল্লী, বরিশাল 01717-488083



কোনো সরকার শ্রমিকদের জন্য কাজ করেনি: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট
জুলাই বিপ্লব থেকে শুরু করে বাংলাদেশের সকল গনতান্ত্রিক
আন্দোলনে শ্রমিক ও মেহনতী মানুষের অবদান সবচেয়ে বেশি, এই
শ্রমিক ভাইদের পরিগ্রহ ও সীমাহীন ত্যাগের উপর দিয়ে ক্ষমতায় এসে
কোন সরকার শ্রমিকদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখেনি। জুলাই
গনতান্ত্রিক আন্দোলনে মাধ্যমে এই দেশের জনগণ একটা আশার আলো
দেখলেও বর্তমান সরকারের তৎপরতায় সেটা বিফল হয়ে যাচ্ছে। এই
শ্রমজীবী মানুষের জীবনমান উন্নয়নের জন্য আল্লাহর দেয়া পদ্ধতি
ইসলামের দিকে ফিরে আসতে হবে। আল্লাহর রাসুলের সন্মুখ পদ্ধতি
অনুসরণ করার মাধ্যমে মালিক শ্রমিকদের দ্বন্দ্ব নিরসন ও মানুষের
মধ্যে যে পাহারসম বৈষম্য সেটা দূর করা যাবে। তিনি আরও বলেন,
বর্তমান সরকার শ্রমিকদের জন্য কিছু কার্ড বিতরণের কথা বলছে।
মিডিয়ায় বিভিন্ন ধরনের কার্ড বিতরণের ব্যাপক প্রচার দেখতেছি কিন্তু
এই কার্ড আসলে কে পাচ্ছে প্রকৃত কৃষক ও শ্রমিক এই কার্ড পাচ্ছে
কিনা তা নিয়ে জনমনে সংশয় রয়েছে। সরকারি হাসপাতালে
চিকিৎসার পরিবেশ নেই সেখানে মানুষ ২ এর পাতায় দেখুন

মম্বাদকীয় কার্যকর পদক্ষেপ নিন

সফল টিকাদান কর্মসূচির কারণে হাম দেশ থেকে নির্মূল হওয়ার পথে ছিল। কিন্তু সেই হামই এখন প্রায় মহামারি রূপে ছড়িয়ে পড়েছে। ৬১টি জেলাতেই রোগটি ছড়িয়ে পড়েছে। এমন পরিস্থিতিতে হাইকোর্ট সারা দেশে অবিলম্বে হামের টিকাসহ প্রয়োজনীয় সরঞ্জামের পর্যাপ্ত ও নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে সরকারকে নির্দেশ দিয়েছেন। এক রিট আবেদনে প্রাথমিক ওনানির চার বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবানীশ রায় তৌহুরির বেঞ্চ সোমবার রুলসহ এই আদেশ দেন। অতি সংক্রামক হাম প্রতিরোধ ও নিয়ন্ত্রণে নিষ্ক্রিয়তা ও ব্যর্থতা কেন অবৈধ, খেচ্ছাচারী ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না, তা জানাতে চাওয়া হয়েছে রুলে। বাংলাদেশে হামের বর্তমান পরিস্থিতিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ‘উচ্চ ঝুঁকিপূর্ণ’ বলে মূল্যায়ন করছে। একই সঙ্গে টিকার উন্নি ঘটিতি এবং ভ্রমবর্ধমান মৃত্যুহার নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। দেশের মহামারি প্রয়োজ্ঞজ্ঞার বলজেনে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা যখন ‘উচ্চ ঝুঁকিপূর্ণ’ হিসাবে উল্লেখ করে, তা এক অশেষ মহামারিই। এই সময়ে সরকারের উচিত সংকট মোকাবেলায় জরুরি পরিস্থিতি ঘোষণা করা। মহামারি মোকাবেলায় মৌলিক নীতিগুলোর মধ্যে অন্যতম হলো ড্রেস্ বা কভিডের মতো বিজ্ঞানভিত্তিক ক্লিনিক্যাল প্রটোকল তৈরি, যা অনুসরণ করে উপজেলা হাসপাতাল থেকে শুরু করে সকল পর্যায়ের এক অভিন্ন চিকিৎসা প্রদান করা। কিন্তু সরকার এখন পর্যন্ত তা করেনি। এমনকি স্বাস্থ্যকর্মীদের হাম ব্যবস্থাপনায় কোনো বিশেষ তরিয়োকরকইনেন রাখা। হাসপাতালে আইসিইউ, পিসাইসিইউ ও অক্সিজেন সরবরাহ ও প্রয়োজনীয় চিকিৎসাসামগ্রী নিশ্চিত করা। এর বহির্ভে অতি গুরুত্বপূর্ণ আরেকটি ধাপ হলো ‘ডেথ রিভিউ’ বা মৃত্যুর কারণ বিশ্লেষণ, যার মাধ্যমে কোথায় ঘাটতি রয়েছে, তা মিলে করাও সম্ভব হয়। এবাব বাস্তবায়ন করা হয়নি। জানা যায়, রাজধানীর মহাবাহালীতে অবস্থিত জনস্বাস্থ্য ইনসিটিউটের ল্যাবরেটরিতেই শুধু হাম শনাক্তের পরীক্ষা করা হচ্ছে। তাও সেখানে ক্রিটের স্বল্পতা রয়েছে। দিনে তিন-চার শ নমুনা পরীক্ষার সক্ষমতা থাকলেও কিত্তস্বল্পতার কারণে বর্তমানে গড়ে পরীক্ষা হয় মাত্র ১২০টির মধ্যে। অন্যদিকে পর্যাপ্ত কিত থাকলে সারা দেশে আরো বেশ কিত হাসপাতালে এই পরীক্ষার ব্যবস্থা করা যেত এবং রোগ শনাক্ত করার প্রক্রিয়া দ্রুততর হতো। আমরা আশা করি, উচ্চ আদালতের নির্দেশনা এবং বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী সরকার হাম নিয়ন্ত্রণে দ্রুত কার্যকর পদক্ষেপ নেবে।

প্রেমিকার সঙ্গে ঝগড়া

সৌরভকে গুজবাব (১ মে) বিকেল সাড়ে ৫টার দিকে অচেতন অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসা হয়। উদ্ধারের কর্তৃত্বভর চিকিৎসক রাত পৌনে ৮টার দিকে তাকে মৃত ঘোষণা করেন। সৌরভের বোন সঞ্জিতা হালদার বলেন, আমার ভায়োনের এক মেয়ের সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল। ওই মেয়ের সঙ্গে মোবাইল ফোনে কথা-কাটাকাটির একপর্যায়ে অভিমান করে রুমেই কীটনাঙ্গক পান করে সে অসুস্থ হয়ে পড়ে। পরে আমরা দেখতে পয়ে়ে তাকে দ্রুত ঢাকা মেডিকলে নিয়ে যাই। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. ফারুক জানান, মরহুম জরুরি বিভাগের মর্গে রাখা আছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে।

সৌদি পৌছেছেন ৪১ হাজার

আয়রল্যান্ড পরিচালিত হজ ফ্লাইট সংখ্যা ১৮টি। এখন পর্যন্ত সৌদি এয়ারে মোট ১৪৩৩৮১ জনকে বাংলাদেশে হজখাতী মারা গেছেন। তবে ২১ এপ্রিলের পর কেউ হজা যাননি। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ মে সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। গত ১৮ এপ্রিল ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আনুষ্ঠানিকভাবে এ বছরের হজ ফ্লাইট কার্যক্রমে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আগামী ৩১ মে পর্যন্ত সৌদি আরবে যাওয়ার ফ্লাইট চলাবে। হজ শেষে ৩০ মে ফিরতি ফ্লাইট শুরু হবে। দেশে ফেরার ফ্লাইট শেষ হবে আগামী ৩০ জুন।

আজ থেকে শুরু চার

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। গত বছর তিন দিন ব্যাপী জেলা প্রশাসক সফেলন হয়েছিল, যা এবার চার দিন করা হয়েছে। ‘অতিরিক্ত সচিব হুমায়ন কবির জানান, সফেলন চলাকালে বিভাগীয় কর্মচারীরা ও জেলা প্রশাসকেরা রষ্ট্রপতি, জাতীয় সংসদের স্পিকার, প্রধান বিচারপতি ও নির্বাচন কমিশনারদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। এই চার দিনে মোট ৩০টি কার্য অধিবেশন হবে। এদেরপর সফেলন উপলক্ষে জেলা প্রশাসকেরা মোট ১৭২৯টি ধারণা প্রস্তাব দিয়েছেন। সেখান থেকে ৪৯৮টি প্রস্তাব সফেলনের আশ্রায়ে সুচিত্তে রাখা হয়েছে। এর মধ্যে জনসেবা বৃদ্ধি, স্বাস্থ্যসেবা বৃদ্ধি, জলদূষণ হ্রাস, রাস্তাঘাট ও ব্রিজ নির্মাণ ইত্যাদি বিষয়ে ডিসিলের সুনির্দিষ্ট প্রস্তাব রয়েছে। সংবাদ সফেলনে আরও জানানো হয়, এবারের সফেলনে গুরুত্ব পাবে ভূমি ব্যবস্থাপনা, আইনজুজ্ঞালা পরিস্থিতি, স্থানীয় সরকারের কার্যক্রম জোরদার করা, ক্ষুদ্রসুজন কর্মসূচি, সামাজিক নিরাপত্তা বৈঠনী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারসহ অন্যান্য বিষয়। মন্ত্রিপরিষদ সচিব আরও বলেন, এই সফেলনের আদেকটি উদ্দেশ্য হচ্ছে নতুন সরকারের রাষ্ট্রপরিচালনা নীতির সঙ্গে ম্যাপর্গারে সরকারি কচচারীসদের পরিচিতি করে তোলা। পারস্পরিক বোঝাপড়াই হবে এবারের সফেলনের অন্যতম উদ্দেশ্য। গত সফেলনে স্বস্থ, মধ্য ও দীর্ঘমেয়াদি ৪০০টি প্রস্তাব বা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। এর মধ্যে স্বস্থ মেয়াদি ১৬ পাতায়, মধ্য মেয়াদি ৩৫ শতাংশ এবং দীর্ঘমেয়াদি ১৬ শতাংশ সিদ্ধান্ত স্বাক্ষরীয় হয়েছে।

বিএনপির রাজনীতি এখন

বলেছেন, সংবিধান সংস্কার প্রশ্নে সরকার অন্যত্রই দেখাচ্ছে এবং গণভোটের রায় বাস্তবায়নে উদাসীন। জাতীয় কনভেনশন উপলক্ষে শনিবার (২ মে) রাজধানীর বাংলামেটারে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত জরুরি সংবাদ সফেলনে এ মন্তব্য করেন তিনি। আখতার হোসেন বলেন, গণভোটের মাধ্যমে জনগণের যে প্রত্যাশা তৈরি হয়েছে, সরকার তা বাস্তবায়নে পিছিয়ে পড়েছে। পাশাপাশি সংবিধান সংস্কার পরিষদ গঠনের ক্ষেত্রেও সরকারের মধ্যে অনীহা দেখা যাচ্ছে। তিনি অভিযোগ করেন, সরকার দল সংবিধান সংস্কার পরিষদের ধারণাকে কখনো অস্বাধিবানিক, কখনো বিভ্রান্তিকর হিসেবে উপস্থাপন করছে। অথচ সংবিধানের মৌলিক কাঠামোয় পরিবর্তন আনতে একটি উচ্চপরিষারের স্বাধীন সংস্থা প্রয়োজন বলে তিনি মত দেন। সংবাদ সফেলনে বিএনপির সমালোচনা করেন আখতার হোসেন। তিনি দাবি করেন, বিএনপি শুরুতে সংস্কারের বিষয়ে আগুপিত না করলেও পরে অবস্থান পরিবর্তন করেছে এবং জনগণের প্রত্যাশার সঙ্গে প্রতারণা করেছে। তার ভাষায়, বিএনপির রাজনীতি এখন সংস্কারের চেয়ে ক্ষমতাকেন্দ্রিক হয়ে উঠেছে। এ সময় জ্বালান খাতের সামশ্র্তিক সংকট নিয়েও প্রশ্ন তোলেন তিনি। হঠাৎ জ্বালান সংকট, দীর্ঘ লাইনের সৃষ্টি এবং দাম বাড়ানোর পর পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাওয়াকে ‘পরিকল্পিত’ হতে পারে বলে মন্তব্য করেন। দেশের অর্থনীতিকে পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, ব্যাংকখাতে অনিয়ম ও লুটপাটের সুযোগ সৃষ্টি করা হচ্ছে। অল্প অর্থ হেরত দিয়েই ঋণখেলোপিনের পুনরায় ব্যাংকের মালিকানা পাওয়ার সুযোগ দেওয়া হবে ভবিষ্যতে আরও দূনীতি বাড়ুরে বলে আশঙ্কা প্রকাশ করেন।

গণভোটের রায় অস্বীকার

দিকে ঠেলে দিচ্ছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি মিয়া গোলাম পরওয়ার। শনিবার সকাল ১০টার দিকে খুলনা প্রেসক্লাবের ব্যাংকস্ট্রেট

হলে খুলনা মহানগরী জামায়াতে ইসলামী আয়োজিত ‘গণভোটের রায়ের বিরুদ্ধে সরকার: সংকটের মুখোমুখি দেশ’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, জুলাই সনদের আড়ালে গণভোটের রায়কে অস্বীকার করা হচ্ছে। এটি শুধু রাজনৈতিক কৌশল নয়, রাসসার জনগণের ম্যাকপরিষদ সদস্য ও খুলনা মহানগরী আমির মোহাম্মদ মাহফুজুর রহমান সেমিনারে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও খুলনা অঞ্চল টিম সদস্য মাওলানা আবুল কালাম আজাদ এমপি, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহসভাপতি মাস্টার শফিকুল আলম, জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুভা সদস্য ও খুলনা জেলা আমির মাওলানা এমরান হুসাইন। ‘গণভোটের রায়ের বিরুদ্ধে সরকার: সংকটের মুখোমুখি দেশ’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ লয়ার্স কাউন্সিলের কেন্দ্রীয় সহসভাপতি আডভোকেট মুহাম্মদ শাহ আলম। মহানগরী জামায়াতের সহকারী সেক্রেটারি প্রিন্সিপাল শেখ জাহাঙ্গীর আলমের পরিচালনায় প্রবন্ধের ওপর আলোচনা করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক উপসচিব শ ম আবু তালিব, খুলনার সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজের সাবেক প্রফেসর শামসুজ্জামান, অধ্যক্ষ মাওলানা আব্দুর রহমান, এনসিপির খুলনা মহানগরীর প্রধান সমন্বয়ক আহম্মদ হামীম রাহাত, খুলনা মহানগরী খেলাফত মজলিসের সভাপতি এফ এম হাফসন অর রশীদ, সাংগঠনিক সম্পাদক এইচ এম আজাদ হোসেন চঞ্চল প্রমুখ। জামায়াতের এই সেক্রেটারি জেনারেল প্রশ্ন তোলেন, গণভোটের আগে দীর্ঘ চার মাস সময় থাকা সত্ত্বেও সরকার বা সংশ্লিষ্ট ব্যক্তির কোনো আশুপ্তি ভেলেনি। ১৭ অক্টোবর জুলাই সনদের স্বাক্ষর, ১০ নভেম্বর রাষ্ট্রপতির আদেশ, ২৫ নভেম্বর গণভোটের অধ্যাদেশ, ফেব্রুয়ারিতে ভোট এই পুরো সময়জুড়ে কেউ বলেননি এসব অসংধিবানিক। অথচ ক্ষমতার বসেই সবকিছু অবৈধ বলা হচ্ছে। এটি সুস্পষ্ট দ্বিচারিতা।

তরুণ প্রজন্মকে অবক্ষয়ের

অবক্ষয়ের শিকার হয়েছিল এবং তাদের মনেকেই মাদকাসক্ত হয়ে পড়ে। তবে সে সময় কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয়নি। শনিবার (২ মে) বিকেলে চাঁদপুর টেটিয়ামে ‘নতুন কুড়ি পোপার্ট’ উদ্বোধন অনুষ্ঠানে এসে বক্তব্যে তিনি এসব কথা বলেন। এছাড়াও হল ছিলেন বলেন, বর্তমান সময়ে প্রধানমন্ত্রী তারেক রহমান তরুণদের জন্য আদমমুখর শিক্ষা ও খেলাধুলার মাধ্যমে জীবনযাপন নিশ্চিত করতে কাজ করছেন। এর মাধ্যমে তাদের শারীরিক ও মানসিক উন্নয়ন ঘটানোর লক্ষ্য নেওয়া হয়েছে। তিনি বলেন, আগে এই ধরনের কলাচাারাল অনুষ্ঠান করবেন শহীদ রপুপতি জিয়াউর রহমান। সেখান থেকে সারাদেশের উর্দীমান কলাচাারাল যারা ছিল, তারা বেরিয়ে এসেছিলেন। এবার তারই সুযোগ সন্তান প্রধানমন্ত্রী তারেক রহমান নতুন কুড়ি পোপার্ট সারা বাংলাদেশে আয়োজন করেছেন। এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর-৪ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক, চাঁদপুর-৪ আসনের সংসদ সদস্য এম হান্নান এবং চাঁদপুর-৫ আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মফিনুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক মো. এরশাদ উদ্দিনহক খেলোয়াড়, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও দলীয় নেতাকর্মীরা।

তোমরা প্রত্যেকেই দেশের

সিগেট জেলা ক্রিকেট স্টেডিয়ামে নতুন করে নতুন কুড়ি-২০২৬ এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। উদ্বোধন অনুষ্ঠানে শিশুদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, তোমরা প্রত্যেকেই বাংলাদেশের আশ্বাসেভর। তোমাদের ওপরই নির্ভর করছে আগামী বাংলাদেশ। এজন্য তোমাদের পরচর্যা যেমন করতে হবে, তেমন খেলাধুলার করতে হবে। নিজেকে গড়ে তুলতে হবে। শিশু-কিশোরদের দেশের ভবিষ্যৎ উল্লেখ করে তাদেরকেই অনুপ্রাণিত ‘চিফ পোট’ ঘোষণা করে তারেক রহমান বলেন, আজকের এই অনুষ্ঠানে চিফ পোট তোমরাই। তোমাদের মধ্য থেকেই ভবিষ্যতে যে দেশ নেতৃত্ব পাবে, তেওয়ারই দেশকে এগিয়ে নেবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নতুন কুড়ি শুরু র গল্প তুলে ধরে বলেন, প্রায় সাড়ে চার বছর আগে লভনে এক বৈঠকে এই উদ্যোগের পরিকল্পনা করা হয়ে। তখন আমিনুল ইসলামের (বর্তমান ক্রীড়া প্রতিমন্ত্রী) সঙ্গে লভনের একটি সেন্টেরেটে বসে আমরা নতুন কুড়ি পুনরায় শুরু করার সিদ্ধান্ত নেই। সারা দেশের শিশু-কিশোরদের সম্পৃক্ত করে একটি নতুন ক্রীড়া কার্যক্রম চালু করার শপথ করেছিলাম করা হয়। আজ এটি বাস্তবায়ন করা হলো। প্রধানমন্ত্রী শিশু ভবিষ্যৎ লক্ষ্য নিরূপনের ওপর গুরুত্বারোপ করে বলেন, যে প্রয়োজ্ঞজ্ঞ হতে চায় তাকে খেলোয়াড় হতে হবে, যে ডাক্তার, ইঞ্জিনিয়ার বা অন্য কিছু হতে চায় তাকে সেই লক্ষ্য সাধনে রেখে প্রস্তুতি নিতে হবে। সরকারের পক্ষ থেকে শিশুদের প্রতিভা বিকাশের প্রচেষ্টার আশ্রাও দেন তিনি। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল ইসলাম। এসময় উপস্থিতি ছিলেন বাগিচামন্ত্রী দমকর আব্দুল মুজারর, প্রবাসী কল্যাণমন্ত্রী আরিফুল হকসহ সিগেট জেলা ও মহানগর বিএনপির নেতারা ও প্রশাসনের উর্ভতন কর্মকর্তারা।

কোনো সরকার শ্রমিকদের জন্য

সঠিক চিকিৎসা পাচ্ছে না, সরকারকে হুমজীবী মানুষের সঠিক চিকিৎসা নিশ্চিত করতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগর আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবর বলেন, ১৮৮৬ সাল থেকে ১১মে শ্রমিক দিবস পালন করলেও শ্রমিকদের অধিকার এখনো প্রতিষ্ঠিত হয়নি। শ্রমিকগন যদি কাজ না করতো পৃথিবী এত সুন্দর হতনা। কিন্তুদিন আগে আমাদের বরিশাল শহরের পরিচ্ছন্নতা থানায় হুমরা সরানো বন্ধ করে দিল তখন গোটা শহর ময়লার ভাগারে পরিণত হয়, আবার সেই শ্রমিকগনই আবার ময়লা পরিস্কার করে শহর পরিচ্ছন্ন করে সুত্তরাং দেশের কাজে শ্রমিকদের অবদান অনস্বীকার্য। শ্রমিকগন হাড়ভাঙ্গা বাটনির বিনিময়ে রাস্তা ঘাট ইমারার নির্মাণ করে সেখানে ধনিক শ্রেণির জায়গা হলেও শ্রমিকদের কোনো অধিকার নেই। ইসলামী শ্রম নীতি বাস্তবায়নের মাধ্যমে শ্রমিকদের অধিকার নিশ্চিত করা হবে। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের বরিশাল মহানগর সভাপতি জিানুর রহমানের সভাপতিত্বে ও সেক্রেটারি মুহাম্মদ জাফর ইকবালের সম্বলনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমান, শ্রমিক কল্যাণ ফেডারেশন বরিশাল অঞ্চলের সহকারী পরিচালক মশিউর রহমান, শ্রমিক কল্যাণের সাবেক মহানগর সভাপতি আডভোকেট সাাদউদ্দিন মাসুম, শ্রমিক নেতা সানউল্লাহ সাজিদ, মাহমুদুল হাযান কামাল, শফিকুল আলম ছালাম, জাকির হোসাইন, সেলিম হোসাইন, মেহেদী হাসান, ইব্রাহীম খলিল মিরাজ প্রমুখ নেতৃত্বদ। সমাবেশ শেষে শ্রমিক ্যাণিগ বের হয়ে সদর রোড, ফজলুল হক এডিনটি, গির্জা মহত্তা প্রদক্ষিণ করে টাউন হল চত্বরে শেষ হয়।

মির্জাগঞ্জে বেড়িবাঁধ সংস্কারের নামে প্রায়

সরকারও সন্তোষ রাজ্যথ থেকে বিচ্ছিন্ন হয়েছে। সরেজমিন দেখা যায়, আমড়াগাছিয়া ইউনিয়নের উত্তর বাটিবুনিয়া গ্রামে শ্রীমত নদের পাড়ে বেড়িবাঁধ সংস্কারের কাজ চলছে। কিসমত বাটিবুনিয়া থেকে উত্তর বাটিবুনিয়া পর্যন্ত সড়কের পাশে লাগানো মেহগনি, রেইনউ, চাম্পলসহ বিভিন্ন প্রজাতির প্রায় ২০০ গাছ উৎপড়ে ফেলা হয়েছে। এসব গাছ সড়কের পাশে ও ফসলি জমিতে পড়ে আছে। বন বিভাগ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ১৯৯৬ সালে পাউবোর উদ্যোগে বেড়িবাঁধ বনায়ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এতে স্থানীয় বাসিন্দারা অবাধদার হিসেবে যুক্ত ছিলেন। কাঠালতলী থেকে মহিচকাটা পর্যন্ত প্রায় ৮ কিলোমিটার বেড়িবাঁধের একটি অংশে প্রায় ১ হাজার ১০০ মিটার এলাকায় বর্তমানে সংস্কারকাজ চলছে। স্থানীয় উপকারভোগীদের ভাষা অনুযায়ী, উপড়ে ফেলা এসব গাছের বাজারমূল্য ছয় লাখ টাকার মতো। ‘স্থানীয় বাসিন্দা ও উপকারভোগী মো. লিটা হাওলাদার (৪২) বলেন, ‘বন বিভাগের সহায়তায় আমরা প্রায় ৩০ বছর আগে এসব গাছ লাগিয়েছিলাম। গাছগুলো এখন বিক্রির উপযোগী হয়েছে। কিন্তু পাউবোর টিকাদার কোনো নোটশি ছাড়াই গাছ উপড়ে ফেলছেন।’ বাধা দিলেও তারা তা শোেনেননি।’ সড়ক বনায়ন প্রকল্পের উপকারভোগী কমিটির সভাপতি মো. জলিলুর রহমান বলেন, ‘গাছ লাগানোর পর থেকে আমরা এর রক্ষণাবেক্ষণ করছি। বেড়িবাঁধ সংস্কার করতে গিয়ে একটি টিকাদারি প্রতিষ্ঠান প্রায় ২০০ বড় আকারের গাছ উপড়ে ফেলেছে। আমি ও অন্য উপকারভোগীরা বাধা দিলেও তারা তা আমলে নেয়নি। পরে বন বিভাগকে জানিয়েছি। কিন্তু গাছ উপড়ে ফেলা বন্ধ হয়নি।’ মির্জাগঞ্জ উপজেলা বন কর্মকর্তা মো. মনিরুজ্জামান বলেন, ‘টেভারের মাধ্যমে গাছগুলো কাটা বা অপসারণের জন্য পাউবোর কাজে সম্মত থাকিয়েছিলাম। কিন্তু পাউবো আমাদের সময় না দিয়ে টিকাদারের মাধ্যমে গাছগুলো উপড়ে ফেলেছে, যা নিয়মবহির্ভূত। এখন টেভারপ্রক্রিয়ার প্রস্তাব জেলা

কমিটির কাছে পাঠানো হয়েছে। অনুমোদন সম্পন্ন হলে টেভারপ্রক্রিয়া সম্পন্ন করে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।’ অভিযোগের বিষয়ে টিকাদার মো. মিজানুর রহমান সোহাগ মুখা বলেন, ‘পানি উন্নয়ন বোর্ডের নির্দেশেই কাজ শুরু করেছি। তারা বন্ধ রাখতে বললে কাজ বন্ধ করা হবে।’ পটুয়াখালী পাউবোর নির্বাহী প্রকৌশলী মো. রাকিব বলেন, বেড়িবাঁধ সংস্কারকাজের জন্য গাছগুলোর বিষয়ে ব্যবস্থা নিতে তিন মাস আগে বন বিভাগকে লিখিতভাবে অনুরোধ করা হয়েছে। কিন্তু বন বিভাগ এখন পর্যন্ত কার্যকর পদক্ষেপ নেয়নি। অন্যদিকে এলাকাটি ঝুঁকিপূর্ণ এবং বন্যাপ্রবণ। আবার সামনে বর্ষা মৌসুম। এসব পরিস্থিতি বিবেচনা করে দ্রুত বেড়িবাঁধ সংস্কার করা হচ্ছে। তবে টিকাদারকে বলা হয়েছে, সামনে আর কোনো গাছ যেন উপড়ে ফেলা বা নষ্ট না করা হয়।

বানারীপাড়ায় নির্মম নির্যাতন

জানান, নিহতের নাক, মুখমণ্ডল ও বাড়সহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত ও নির্যাতনের স্পষ্ট চিহ্ন দেখা গেছে। গুজবার সকালে খবর পেয়ে বানারীপাড়া থানার অফিসার ইনচার্জ মজিবুর রহমান ঘটনাস্থলে ছুটে যান। পুলিশ মরদেহ উদ্ধার করে ময়না ভদন্ত্তর জন্য বরিশাল শেবাচিম হাসপাতাল মর্গে পাঠায় এবং নিহত হাবিবুর রহমানের স্ত্রী ও ছেলেকে জিলাসাবাদের জন্য আটক এবং ঘটনাস্থল থেকে বিভিন্ন আলামত সজ্ঞহ করে। গুজবাবর দুপুরে এ ঘটনায় বরিশাল জেলা সহকারি পুলিশ সুপার (সার্কেল) সৌমেন সরকার বানারীপাড়া থানায় অহেন। বানারীপাড়া থানার ওসি মজিবুর রহমান বলেন, হাবিবুর রহমান মোয়ার মৃত্যুর প্রকৃত কারণ উদ্ঘাটনে তার মরদেহ ময়নাতদন্তের জন্য বরিশাল শেবাচিম হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় নিহতের বাবা বাদী হয়ে দুইজনকে আসামী করে থানায় হত্যা মামলা দায়ের করেছেন। এ মামলার আসামী নিহতের স্ত্রী ও ছেলেকে শনিবার সকালে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। তাদের রিমাড়ে এসে জিলাসাবাদের প্রক্রিয়া চলছে। এদিকে এ নির্মম হত্যাকাণ্ডের ঘটনাকে কেন্দ্র করে পুরো এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। স্থানীয়রা সূই তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

গৌরনদীতে ২৮ পিস ইয়াবাসহ

এলাকার চিহ্নিত শীর্ষ মাদক কারবারি হীরা মাঝির ঘনিষ্ঠ সহযোগী। তাঁর বিরুদ্ধে এর আগেও গৌরনদী মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সাতটি মামলা রয়েছে। শনিবার দুপুরে আইনি প্রক্রিয়া শেষে আসামিকে সংশ্লিষ্ট আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। এলাকায় মাদক নির্মূলে পুলিশের এ ধরনের চক্রনি অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন ওসি।

কনস্টেবলের অন্তঃসত্ত্বা

অনুপস্থিত রয়েছেন বলে জানা গেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ ফোন পেয়ে রাজাপুর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে খবর তের্তর থেকে মনি আজারের মরদেহ উদ্ধার করে। পুলিশের প্রাথমিক ধারণা, তিনি ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। তবে নিহতের শরীরে আঘাতের চিহ্ন থাকার কথা জানিয়েছে পরিবার। নিহতের ভাই ওমর ফারুক অভিযোগ করেন, বিয়ের পর থেকেই স্বামী নূর উদ্দিন টাকার জন্য মনি আজারের ওপর শারীরিক নির্যাতন চালাতেন। তাদের একটি পাঁচ বছরের ছেলে রয়েছে ও মনি আজার তিন মাসের অন্তঃসত্ত্বা ছিলেন। ওমর ফারুকের দাবি, তার বোনকে পরিকল্পিতভাবে বধ করে স্বামী পালিয়ে গেছেন। অভিভূত কনস্টেবল নূর উদ্দিনের দাবি, পরিবারিক কলহের জেরে মনি আজার ঘরের দরজা লাগিয়ে আত্মহত্যা করেছেন। তবে ঘটনার পর কেন পালিয়ে গেলেন এমন প্রশ্নে তিনি জানান, আত্মকে তিনি ছেলেকে নিয়ে বাসা থেকে চলে যান। রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন বিশ্বাস জানান, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিক্রি়েবন গেলে মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ভাড়া বাসা থেকে নারী

ভবনের তৃতীয় তলায় ভাড়া ওঠেন। পারিবারিক বিষয় নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে প্রায়ই ঝগড়া-বিবাদ লেগে থাকত বলে জানিয়েছেন প্রতিবেশীরা। গুজবাবর দিনাগত রাত দেড়টার দিকে উর্মির স্বামী বাপ্পী কলাপাড়া থানায় ফোন করে জানান, তার স্ত্রী ঘরের সিলিং ফ্যানের সঙ্গে ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছে ভোরে মরদেহ উদ্ধার করে। পুলিশ জানিয়েছেন, মরদেহের প্রাথমিক সূরতহাল রিপোর্ট তৈরি করা হয়েছে এবং ময়নাতদন্তের জন্য মরদেহ পটুয়াখালী মর্গে পাঠানোর প্রস্তুতি নেয়া হয়েছে। মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হবে ময়নাতদন্ত রিপোর্টের অপেক্ষা করা হচ্ছে। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হলেও বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে। ঘটনাস্থলে নিহতের অন্য কোনো কারণ বা সংশ্লিষ্টতা রয়েছে কি না তা খতিয়ে দেখা হচ্ছে। তিনি আরও জানান, ঘটনার পর নিহতের স্বামী ও দুই শিশুসন্তানকে থানায় আনা হয়েছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চা্রমান রয়েছে।

নানা আয়োজনে নগরীতে

সামনে গিয়ে শেষ হয়। এদিকে, দিবসটি উপলক্ষে গুজবাবর সকাল ১০ টায় জেলা প্রশাসক ও আঞ্চলিক প্রশ দপ্তরের আয়োজনে সার্কিট হাউজ থেকে ব্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হয়। অপরদিকে, সকাল সাড়ে ১০ টায় নগরীর সদর রোডের অশ্বিনী কুমার হলের সামনে শ্রমিক সমাবেশ করে সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট বরিশাল জেলা কমিটি। সমাবেশ শেষে নগরীর সদর রোড থেকে লাগ পতাকা মিছিল করে তারা। মিছিলে নেতৃত্ব দেন বাংলাদেশের সমাজতান্ত্রিক দল সদস্য বরিশাল জেলা কমিটির সদস্য সচিব ডা. মনিষা চক্রবর্তী। এছাড়া উপস্থিতি মে দিবস উপলক্ষে লাগ পতাকা মিছিল করে বাংলাদেশে ট্রেড ইউনিয়নের আওতাধর ক্রিকেট, ফুটবল, কালিড, আর্থলেটিঙ্গ, দাবা, বাডমিন্টন, সীতার ও মার্শাল আর্টসহ মোট ৮টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

তোমাদের ওপরই নির্ভর করছে

নতুন ক্রীড়া কার্যক্রম চালু করার পরিকল্পনা করা হয়। আজ এটি বাস্তবায়ন করা হলো। প্রধানমন্ত্রী শিত ভবিষ্যৎ লক্ষ্য নির্ধারনের ওপর গুরুত্বারোপ করে বলেন, যে খেলোয়াড় হতে চায় তাকে খেলোয়াড় হতে হবে, যে ডাক্তার, ইঞ্জিনিয়ার বা অন্য কিছু হতে চায় তাকে সেই লক্ষ্য সামনে রেখে প্রস্তুতি নিতে হবে। সরকারের পক্ষ থেকে শিশুদের প্রতিভা বিকাশে সহায়তার আশ্রাসও দেন তিনি। ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক বলেন, ‘এটা একটি যুগান্তরকারী কর্মসূচি। নতুন কুড়ি পোপার্ট ভবিষ্যৎ প্রজন্মের দক্ষ খেলোয়াড় তৈরিতে একটি শক্তিশালী প্রাতিফর্ম হিসেবে কাজ করবে।’ ‘১২ থেকে ১৪ বছর বয়সি শিশু-কিশোরদের সূত্ব ক্রীড়া প্রতিভা অন্বেষণ, বাজই এবং রাস্ত্রীয়ভাবে তাদের বিকাশের সুযোগ তৈরি করাই এ কর্মসূচির মূল লক্ষ্য। এ আশ্রাসের আওতায় ক্রিকেট, ফুটবল, কালিড, আর্থলেটিঙ্গ, দাবা, বাডমিন্টন, সীতার ও মার্শাল আর্টসহ মোট ৮টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।’

ভাণ্ডারিয়ায় গাছ চাঁপায় বৃদ্ধার মৃত্যু

ভাণ্ডারিয়া প্রতিনিধি পিরোজাপুরের ভাণ্ডারিয়ায় গাছ চাঁপায় পারুল বালা সমদ্বার (৮০)নামের এক বৃদ্ধার মমাস্তিক মৃত্যুর খবর পাওয়া গেছে। সে



গৌরনদীতে দৈনিক ভোরের টিকাদার তৃতীয় তম প্রতিষ্ঠাতা বার্ষিকী উপলক্ষে কেককাটা হয়-কীর্তনখোলা

উপজেলার ৫ন্থধর ধাওয়া ইউনিয়নের ৬ন্থধর ওয়ার্ডের রাজপাশা গ্রামের মৃত লক্ষীকান্ত সমদ্বারের স্ত্রী। স্থানীয় সূত্রে জানাগেছে, গতকাল শনিবার দুপুরে বাড়ি লাগোয়া সাপলের খালে গোসল করতে যাওয়ার সময় ঘূর্ণীবায়ুের ভাবব শুরু হলে খালের পাশে থাকা একটি বড় গাছ ভেঙে তার ওপর পড়লে পাঁ শ্রানীর মৃত্যু ঘটে। পারুল বালা ঝড়ে পড়া গাছ চাঁপা পড়লে ঘটনাস্থলে তার মৃত্যু হয়। তার মৃত্যুতে এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে।

নলছিটিতে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধ নিহত

নলছিটি প্রতিনিধি

শনিবার (২ মে) বিকাল সোয়া ৪টার দিকে নলছিটি উপজেলার ডেবরপাশা ইউনিয়নের প্রতাপ বাজার এলাকায় ঝালকাঠি-বরিশাল মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, নিহত খালের হাওলাদার রাস্তা পার হওয়ার সময় ঝালকাঠি থেকে আসা নীল রঙের একটি পিকআপ তাকে ধাক্কা দেয়। এতে তিনি ছিটকে রাস্তার পাশে পড়ে যান এবং মাথায় গুরুতর আঘাত পান। অতিরিক্ত রক্তক্ষরণের ফলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। নিহত খালের হাওলাদার ঝালকাঠি সদর উপজেলার বারইগাতি এলাকার বাসিন্দা এবং মৃত ইমান উদ্দিন হাওলাদারের ছেলে তার ছেলে ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। নলছিটি থানার ওসি মো. আরিফুল আলম জানান, পুলিশের একটি দল ঘটনাস্থলে উপস্থিত হয়ে মরদেহের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করেছে। এ বিষয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিাস্থানি রয়েছে।

মহান মে দিবস উপলক্ষে গৌরনদীতে র্যালী ও শ্রমিক সমাবেশ

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলা জাতীয়তাবাদী শ্রমিক দলের উদ্যোগে মহান মে দিবস ২০২৬ উপলক্ষে গুজবাবর বর্ণাঢ়্য র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়। গৌরনদী বাসস্ত্রিড দলীয় কার্যালয় থেকে র্যালী বের শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা শ্রমিক দলের আহ্বায়ক মোঃ সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন গৌরনদী উপজেলা বিএনপির আহ্বায়ক সেয়দ সরওয়ার আলম বিপ্লব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন গৌরনদী প্রেসক্লাবের সভাপতি, গৌরনদী অটোপেস্ট্র শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা জহরুল ইসলাম জহির, গৌরনদী পৌর বিএনপির আহ্বায়ক মোঃ জাফর হোসেন শরীফ,, সদস্য সচিব শফিকুর রহমান শরীফ পৌর বরিশার যুগ্ম আহ্বায়ক মোঃ কামরুজ্জামান খোন্দকার, গৌরনদী পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক মোঃ মিজানুর রহমান আকবর, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক গাজী আবুবকর। বক্তব্য রাখেন গৌরনদী অটোপেস্ট্র শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, উপজেলা শ্রমিক দলের মনিরুজ্জামান। একইদিন ইমারত মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

প্রতি এক হাজার কিলোমিটার সড়কে বছরে প্রায় ৬৭ জনের মৃত্যু ঘটে

কীর্তনখোলা ডেস্ক

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডাব্লিউএইচও) ২০২১ সালের হিসাব অনুযায়ী, প্রতিবছর বাংলাদেশে রোডক্র্যাশে ৩১ হাজার ৫৭৮ জন নিহত হয়। দেশে প্রতি এক হাজার কিলোমিটার সড়কে প্রায় ৬৭ জনের মৃত্যু ঘটে, যা অত্যন্ত উদ্বেগজনক। রাজধানীর শ্যামালীতে ঢাকা আলাহাবাদ রাস্তা স্টেটের সভাকক্ষে ঢাকা আহছানিয়া মিশনের আয়োজনে ‘সড়ক নিরাপত্তা নিশ্চিতে গণমাধ্যমের ভূমিকা’ শীর্ষক মতবিনিময় সভায় ‘গতি নিয়ন্ত্রণে গতিসীমা নির্দেশিকা ম্যানুয়াল প্রণয়ন ও বাস্তবায়ন’ শিরোনামের মূল প্রবন্ধ উপস্থাপনায় এ তথ্য জানান প্রতিষ্ঠানটির রোড স্টেটিটি প্রকল্প সমন্বয়কারী শারমিন রহমান। শারমিন রহমান বলেন, বিশ্বব্যাপী রোডক্র্যাশে মৃত্যুর প্রায় ৫৪ শতাংশের জন্য অতিরিক্ত গতি দায়ী। বাংলাদেশে অতিরিক্ত গতি ও বেপরোয়া যান চলাচল দুর্ঘটনার অন্যতম প্রধান কারণ। ১৯৯৮ থেকে ২০১৬ সাল পর্যন্ত পুলিশের তথ্য বিশ্লেষণে দেখা গেছে, প্রায় ৮২ শতাংশ রোডক্র্যাশ অতিরিক্ত গতি ও বেপরোয়া চালানোর কারণে ঘটে। রোডক্র্যাশে নিহতদের ৫০ শতাংশের বেশি হচ্ছেন পথচারী, সাইকেল আরোহী এবং মোটরসাইকেল চালক, যারা উচ্চগতির দুর্ঘটনায় সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকেন। সভায় দ

কীর্তনখানা

আত্মতত্ত্ব প্রতিদিন

ভাণ্ডারিয়ায় নানা আয়োজনে

এবং সাধারণ সম্পাদক শহিদ সরদার প্রমূখ। এদিকে সকাল নয় টায় বাংলাদেশ শ্রমিক কল্যান ফেডারেশন(বা.জে.ফে-০৮)ব্যাগারে শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায়,ইসলামী শ্রমনীতির বাস্তবায়ন উপলক্ষে স্থানীয় বাসস্ট্যান্ড মডেল মসজিদ গ্রাঙ্গন থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করে। এতে নেতৃত্ব দেন আলহাজ্ব মো. শামীম সাঈদী। এছাড়াও উপজেলা রিভ্রা অটো শ্রমিক ইউনিয়নের উদ্যোগে সংগঠনের সভাপতি মো. মতিন এর নেতৃত্বে অনুরূপ ভাবে দিবসটি উদ্‌যাপন করা হয়।

নামাজ থেকে দূরে সরে গেলে

(এমপি) প্রধান অতিথি বলেন, ইউমান সমাজে বাস্তবতার কারণে অনেককে নামাজের মতো ফরজ ইবাদতকে অবহেলা করছেন। অথচ নামাজ একজন মুসলমানের ইমানের ভিত্তি। নামাজ থেকে দূরে সরে গেলে মানুষেরে ইমান দুর্বল হয়ে পড়ে এবং নৈতিক অবক্ষয় দেখা দেয়। তিনি সবাইকে নিয়মিত নামাজ আদায় ও ধর্মীয় অনুশাসন মেনে চলার আহ্বান জানান। পবিত্র কুরআনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী জীবন পরিচালনা করাই একজন মুসলমানের প্রধান দায়িত্ব। কুরআনের শিকা শুধু ইবাদতের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের প্রতিটি ক্ষেত্রেই তা অনুসরণ করা প্রয়োজন। তিনি ‘হালাল জীবিকা’র ওপর গুরুত্বারোপ করে বলেন, একজন মুসলমানের উপার্জনের উৎস পবিত্র হওয়া জরুরি। হালাল উপার্জনে জীবনে বরকত আসে, আর হারাম আয় বাড়ি ও সমাজ উত্তরের জন্য ক্ষতিকর। তাই সং পথে উপার্জন এবং নৈতিকতার ভিত্তিতে জীবন গড়ে তোলার ওপর জোর দেন তিনি। জাকাত প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, সমাজে অনেকেই জাকাত সম্পর্কে সঠিক ধারণা না থাকায় তা যথাযথভাবে আদায় করেন না। এর ফলে দরিদ্র জনগোষ্ঠী তাদের প্রাপ্য থেকে বঞ্চিত হয়। তিনি জাকাতের সঠিক বন্টনের মাধ্যমে সামাজিক বৈষম্য ভ্রাসে গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, ইসলামী শরিয়াহ একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। আল্লাহর বিধান মেনে চলা প্রতিটি মুসলমানের কর্তব্য। মানুষ যখন এ পথ থেকে বিচ্যুত হয়, তখন আলেম-ওলামারা ওয়াজ, নসিহত ও তাফসিরের মাধ্যমে তাদের সঠিক পথে ফিরিয়ে আনার চেষ্টা করেন। এ ধরনের মাহফিল সমাজে নৈতিকতা ও ধর্মীয় চেতনা জগ্নাত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এসময় আলহাজ্ব মাওলানা মুহাম্মদ আব্দুল জলিল এর সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ভাণ্ডারিয়া ইসলামী সমাজ কল্যাণ কমপ্লেক্সের আহ্বায়ক সাবেক অতিরিক্ত সচিব আবুয়াল হোসেন এবং সদস্য সচিব জুলাফিকার আমিন। পরে দেশ, জাতি এবং মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও হেদায়েত কামনায় বিশেষ দোয়া করে আবেদী মোনাজাত পরিচালনা করেন বিশিষ্ট আলেম মুফতি ফয়জুল্লাহ নেমাতী। এদিকে ১০দিন ব্যাপি তাফসিরে সূরা নিসা-৬১ থেকে ৭০আয়াত, ১৪৪থেকে ১৭৬আয়াত এবং সূরা মায়িদাহ-০১ থেকে ৩৪ আয়াত পর্যন্ত প্রতিদিন দুই অধিবেশনে যারা বয়ান পেশ করেন তারা হলেন, মুফতি আমানুল্লাহ বসন্ত পুরী, মুফতি মুহিবুল্লাহ সিরাজী, হাফেজ মাওলানা মুফতী খাইরুল আমিন, মুফতি বেলাল হোসেন আসাদুল্লা, হযরত মাওলানা মুফতি আব্দুল কুদ্দুস,মুফতি ইব্রাহীম খলিল, মাওলানা ইসমাইল হোসেন বুখারী, হাফেজ মাওলানা জাকারিয়া বিন তাজুল ইসলাম, কুরী মুফতি নাসির উদ্দিন, হাফেজ মুফতি আব্দুর রহমান নেোমানী, হযরত মাওলানা মনিরুল ইসলাম, হাফেজ মাওলানা মুফতি ইমরান হোসেন কাসেমী, হাফেজ মাওলানা মুফতি রফিকুল ইসলাম,মুফতি জাফর আহমাদ সাহেব, মাওলানা জাকারিয়া আবু ফরিদী এবং হাফেজ মাওলানা হাসান জামিল।

গৌরনদীতে দৈনিক ভোরের

সভাপতি মোঃ গিয়াস উদ্দিন মিয়া। বিশেষ অতিথি ছিলেন গৌরনদী হাইওয়ে থানার অফিসার ইন্সপেক্ট মোঃ মহসীন হোসেন, গৌরনদী সেক্টরবোর্ডের সাবেক সভাপতি খোন্দকার মনিরুজ্জামান মনির, গৌরনদী সাংবাদিক ফোরামের সভাপতি সরদার মনিরুজ্জামান, মাধবপুর পরিপাটস ইউনিটের সাংগঠনিক সম্পাদক নারায়ণ সরকার (নয়ন)। সাংবাদিক আশরাফ তালুকদার ও ম্যাজিশিয়ান এম.আর মহসীনের সঞ্চরনায় বক্তব্য রাখেন গৌরনদী রিপোর্টাস ইউনিটর সাবেক সভাপতি সেহাদ নকিবুল হক, গৌরনদী সাংবাদিক ফোরামের সহসভাপতি কাজী রবী, সহসম্পাদক রাজু আহমেদ সহ অন্যান্যরা। কেরকাতা শেখ পত্রিকা ও দেশের সমূহ কামনা করে দোয়া মোনাজাত পরিচালনা করেন গৌরনদী সাংবাদিক ফোরামের সারদা সম্পাদক মেহেন্দী হানান।

ভিক্ষা করে মাসিক

করেন। স্থানীয়রা জানান, এই বছরে ভিক্ষা করার ধ্বন বেশ ভিন্ন। তিনি পথচারী ও যানবাহন বিশেষ করে নারীদের লক্ষ্য করে করণ কাহিনি বলিয়ে টাকা আদায় করেন। তবে তার বিরুদ্ধে গুরুতর কিছু অভিযোগও তুলেছেন স্থানীয়রা। অভিযোগ রয়েছে, ভিক্ষার টাকা চাওয়ার সময়ে তিনি যাত্রী ও পথচারীদের শরীরে স্পর্শ করে উত্তাক করেন। এ ছাড়া ভিক্ষার সময় ধর্মীয় লেবাস ব্যবহার করলেও তাকে ব্যক্তিগত জীবনে নামাজ পড়তে দেখা যায় না এবং তিনি প্রকাশ্যে ধূমপান করেন বলেও জানায় স্থানীয়রা। এই বিষয়ে চরমফাশনের স্থানীয় বাসিন্দা রাফিজ মালতিয়া (ডিডিও প্রকাশকারী) জানান, এই বৃদ্ধ দীর্ঘদিন ধরে চরমফাশন সদর এলাকায় সাধারণ মানুষকে বিরক্ত করে আসছেন। বিশেষ করে রিকশা বা ইজিবাইকের যাত্রীরা চড়া হাত থেকে নিস্তার পান না এবং জিজ্ঞাসাদক করা হলেও ওই বৃদ্ধ নিজের নাম প্রকাশ করতে অস্বীকৃতি জানান। তিনি আরও জানান, ওই বৃদ্ধের বাড়ি বরিশাদের উলানিয়া এলাকায়।

বরিশালে বিভিন্ন দলের অর্ধশতাধিক

নেতাকর্মী আজ জাতীয় ন্যায়িক পরিচি সদস্য ফরম পূরণ করে যোগদান করেছেন। এতে গণঅধিকার পরিষদ বরিশাদের বাবুগঞ্জ উপজেলার সভাপতি মো. সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক মো. মাসুম হাওলাদার, উপজেলা মুব অধিকার পরিদেষের সভাপতি জাহিদুল ইসলাম রিয়াদ, কেমারপুর ইউনিয়ন গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক আনিসুর রহমান খান, উক্তিরপুর উপজেলার আজমিয়া বিশ্বাস, বখির উদ্দিন, আবু নোমান, গৌরনদীর তানজিম ইসলাম শুভ, মো. রাসিম মেহেন্দিগঞ্জের মো. সুমন, মেজবাহ উদ্দিন, সাসুদ রানা, জাকারিয়া, শিফাত, তারেক, মুলাদীর বাকেরগঞ্জে রিয়াজুল ইসলাম রিয়াজ, ছাত্র শক্তি বিমলিশ সদরের মো. তামিম, তাসিন ইসলাম আলভি, রাহতুর, মো. মদুদ, গৌরনদীর মো. জিদান, শাওন সরদার, উক্তিরপুরের সিরাজুল ইসলামসহ অর্ধশতাধিক নেতাকর্মী যোগদান করেছেন। যোগদান অনুষ্ঠানে এমসিপি জেলার সদস্য সচিব আবু সাদ্দি খান ফেরদৌস, সিনিয়র যুগ্ম সদস্য সচিব আবদে আহমেদ রনি, জাতীয় নারী শক্তির কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সংগঠক নাফিসা মুসতারি, সাংগঠনিক সম্পাদক আসিফ আলী ও ইমরান হোসেন, দত্তর সম্পাদক নাজুল হাসান, যুগ্ম সদস্য সচিব হাক্নুর রশিদ সোহাগ, মহানগর সংগঠক মোহাম হোসেন, নাদিম মাহমুদ, সবুজ হাওলকদার অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

মঠবাড়িয়ায় তালাবদ্ধ ঘর থেকে

কসটেপ দিয়ে মোড়ানো অবস্থায় গাঁজাগুলো উদ্ধার করা হয়। তবে পুলিশের উপস্থিতি টের পেয়ে কৌশলে গালিয়ে যাওয়ায় কাউকে ফেফড়তার করা সম্ভব হয়নি। ঘটনার সত্যতা নিশ্চিত করে মঠবাড়িয়া থানার ওসি মো. রবিউল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান চালিয়ে প্রায় ১০ কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে। যার বর্তমান বাজার মূল্য প্রায় ১৫ লাখ টাকা। এছাড়াও জািলান, মঠবাড়িয়াতে মাদকমুক্ত করতে পুলিশের জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে এবং এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এডিসির বিরুদ্ধে ববি

কোনো আবেদন নেই। এডিসি রিয়াজসহ অভিযুক্তদের শাস্তির আওতায় না এনে বরং তাদেরকে পুরস্কৃত করা হচ্ছে যা জ্বালাইয়ের সাথে পাক্কারির শামিল।” উক্ত মারকলিপিতে এডিসি রিয়াজ হাফসেদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আবেদন জানানো হয়। সাধারণ শিক্ষার্থীরা এসময় বরিশাল রেল্য়ের উপ-মহা পুলিশ পরিদর্শকের কার্যালয়েঠেক করেন। মারকলিপিতে গ্রহন করেন ড.মোঃ সাইফুল্লাহ বিন আনোয়ার(অতিরিক্ত উপ-মহাপরিদর্শক,এডমিন এ্যান্ড ফিনান্স)।

নারী-শিশু নির্যাতন মামলায় সাজার

উপস্থাপন করা হয়। গবেষণায় দেশের ৩২ জেলার ৪৬টি ট্রাইব্যুনালে ২০২৫ সালে জন্মারায় থেকে জুন সময়কালে নিষ্পত্তি হওয়া ৪ হাজার

৪০টি মামলার নথি বিশ্লেষণের ভিত্তিতে করা হয়েছে। এতে মামলার সময়সীমা, মূলতথি, সাক্ষ্য-অভিযুক্তের তথ্য, ফরেনসিক ও মেডিকেল প্রতিবেদন, দণ্ড ও খালাসের ধরনসহ বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয়। গবেষণায় দেখা গেছে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ আইনে ১৮০ কার্যদিবসের মধ্যে মামলা নিষ্পত্তির বাধ্যবাধকতা থাকলেও বাস্তবে বিচারপ্রক্রিয়া দীর্ঘসূত্রতায় জর্জরিত। একটি মামলা নিষ্পত্তি হতে গড়ে সময় লাগছে প্রায় ৩ বছর ৭ মাস, অর্থাৎ এক হাজার ৩৭০ দিন। এ সময়ের মধ্যে প্রতিটি মামলার গড়ে ২২ বার করে তারিখ পড়ছে, যা বিচার বিলম্বের একটি স্পষ্ট চিহ্ন তুলে ধরে। মামলার ফলাফল বিশ্লেষণে আরও দেখা যায়, এসব মামলায় সাজার হার অত্যন্ত কম, মাত্র ৩ শতাংশ। বিপরীতে প্রায় ৭০ শতাংশ মামলায় আসামিরা খালাস পাচ্ছেন। এছাড়া প্রায় ১০ শতাংশ মামলা আপসের মাধ্যমে নিষ্পত্তি হচ্ছে, যা বিচারপ্রক্রিয়ার কার্যকারিতা ও ভুক্তভোগীদের ন্যায়বিচার প্রাপ্তি নিয়ে নতুন করে প্রশ্ন তুলছে। গবেষণায় বিচার বিলম্বের পেছনে কয়েকটি কারণ চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে রয়েছে- অভিযোগকারী ও সাক্ষীর অনুপস্থিতি, ঘনঘন সময় প্রার্থনা, তদন্তে বিলম্ব, দুর্বল প্রমাণ ব্যবস্থা, ফরেনসিক ও ডিএনএ রিপোর্ট পেতে দেরি এবং সাক্ষী সুরক্ষার অভাব। এছাড়া তদন্তের নিয়ুমান, নিষিদ্ধ পদ্ধতির ব্যবহার (যেমন টু-ফিল্সার টেস্ট), সামাজিক চাপের কারণে আপস বা মামলা থেকে সরে দাঁড়ানো, আইনি অধিকার সম্পর্কে অজ্ঞতা এবং অভিযুক্তদের প্রভাবও বিচারপ্রক্রিয়াকে বাধাগ্রস্ত করছে বলে উল্লেখ করা হয়। পরামর্শ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি বলেন, কথানে আলোচনায় বিভিন্ন সমস্যা উঠে এসেছে, পরিসংখ্যান এসেছে, বাস্তব চিত্র এসেছে। এসবের মূল কথা হলো, আমাদের সক্ষমতা, বিশেষ করে রাষ্ট্রের বিচার বিভাগ ও আইন প্রশাসনের সক্ষমতা। মন্ত্রী বলেন, আমি দীর্ঘদিন আইনজীবী ছিলাম, আটর্নি জেনারেল ছিলাম, বর্তমানে আইনমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছি। আমার অভিজ্ঞতায় মনে হয়েছে, রাষ্ট্রের প্রধান তিনটি অঙ্গের মধ্যে বিচার বিভাগ সবচেয়ে বেশি উপেক্ষিত। জাতীয় বাজেটের দিকে তাকালে এটি স্পষ্ট হয়। উদাহরণ হিসেবে বলা যায়, পুরো বিচার বিভাগের জন্য বরাদ্দ যেখানে প্রায় ২ হাজার ২০০ কোটি টাকা, সেখানে শুধু বিচিতির জন্য বরাদ্দ প্রায় ২ হাজার ৫০০ কোটি টাকা। যুব উন্নয়ন মন্ত্রণালয়ের বরাদ্দও এর চেয়ে বেশি। অথচ একটি রাষ্ট্রের গুরুত্বপূর্ণ স্তম্ভ বিচার বিভাগ এই সীমিত বরাদ্দে পরচালিত হচ্ছে-বিচারকদের বেতন, প্রশাসনিক খরচ, অবকাঠামো, সবকিছু মিলিয়ে এটা অত্যন্ত চ্যালেঞ্জিং।

যুদ্ধ করল ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল

তৈরি করেছে, যেখানে প্রকৃতপক্ষে কেউই বিজয়ী নয়। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে সাধারণ মানুষ, বিশেষ করে ইরান ও লেবাননের জনগণ। ইরানে হাজারো মামলা মনে বেড়েছে, ফলে সৈন্যদল খরচ বাড়ছে এবং মূল্যফীতিও বৃদ্ধি পেয়েছে। এই ইস্যুতে বিশ্বজুড়েই জ্বালানি ও খাদ্যের দাম বেড়ে সাধারণ মানুষের জীবনযাত্রা কঠিন হে উঠেছে। বিশ্ব অর্থনীতিও বড় ধাক্কা খেয়েছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) বৈশ্বিক প্রবৃদ্ধির পূর্বাভাস কমিয়েছে এবং মূল্যায়ীতি বাড়ার আশঙ্কা জানিয়েছে। বিশেষ করে দরিদ্র দেশগুলো বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। অন্যদিকে, কিছু পক্ষ আর্থিকভাবে সুবিধাজনক অবস্থানে রয়েছে। যেমন চীন তুলনামূলকভাবে পর্তুগিজ সাম্রাজ্য দিতে পারছে, আর উচ্চ স্বেচের দামের কারণে ভেলে কোম্পানিগুলো বড় মুনাফা করছে। রাশিয়া ও জ্বালানি রপ্তানি থেকে অতিরিক্ত আয় করছে। এছাড়া ব্যবরনমো্যে জ্বালানি দাম এবং অল্প শিল্পও কিছুটা লাভানব হচ্ছে। তবে রাজনৈতিকভাবে এখানে অন্তর্গততায় আচ্ছে ট্রান্স ও ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতায়িত্ব। যুদ্ধের লক্ষ্য পূরণার্থি অর্জিত হয়নি, আর যুদ্ধ দীর্ঘায়িত হওয়ায় তাদের ওপর চাপ বাড়ছে।

যুক্তরাষ্ট্রের সঙ্গে আবারও যুদ্ধ শুরু

পায়। কিন্তু দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানান, তিনি এ প্রস্তাবে সন্তুষ্ট ন। এ প্রাপশাশি ইরানের সমালোচনাও করেন তিনি। তিনিই নতুন সংঘাত শুরু আশঙ্কার কথা জানানোসে ইরানি কমান্ডার মোহাম্মদ জাফার আসাদি। বার্তাসংস্থা ফার্স নিউসকে তিনি বলেছেন, “যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন সংঘাত শুরু হতে পারে। (আমাদের কাছে থাকা) প্রমাণ বলেছে, যুক্তরাষ্ট্র কোনো চুক্তি বা প্রতিশ্রুতি রক্ষা করে না।” জাফার আসাদি ইরানের সেনাবাহিনীর সেন্ট্রাল কমান্ড সেন্টার খতম আলা-আনবারির জেষ্ঠ্য কর্মকর্তা। আন্তর্জাতিক বাণিজ্যিক জলপথ হরমুজ প্রণালিতে নিজের নিয়ন্ত্রণ হ্রাস করতে সামরিক পদক্ষেপ নেওয়ার ঘোষণা দিয়েছে ইরানের প্রতিরক্ষা বাহিনীর অভিজাত শাখা ইসলামিক রেভলুশনারি গার্ড কোর (আইআরজিস)। দেশটির সরকার সম্প্রচারমাধ্যম প্রেস চিট্রির এক প্রতিবেদনে জানা দিয়েছে এ তথ্য। আইআরজিসির নৌবাহিনী কমান্ডের বিবৃতির ব্যরাত গিয়ে প্রেস চিট্রির প্রতিবেদনে বলা হয়েছে, “আরব উপদ্বীপের এবং কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালীর ইরানি উপকূল অংশের ২ হাজার কিলোমিটার উপকূলরেখার ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছে আইআরজিসির নৌবাহিনী। শিল্পাঙ্গণে এই ইস্যুতে প্রয়োজিত পদক্ষেপ নেওয়া হবে।” আইআরজিসির বিবৃতিতে আরও বলা হয়েছে, “এ পদক্ষেপের লক্ষ্য হলো এই জলমাধ্যমকে ইরানের প্রিয় জনগণের জন্য গর্ব ও শক্তির উৎস এবং এ অঞ্চলের জন্য নিরাপত্তা ও সমৃদ্ধির একটি উৎসে পরিণত করা।” উল্লেখ্য, আরব সাগর ও পারস্য উপসাগরকে সংযোগকারী ১৬৭ কিলোমিটার দীর্ঘ হরমুজ প্রণালি বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাণিজ্য জলপথগুলোর মধ্যে একটি। বিশ্বের মোট জ্বালানিপণ্যের ৫ ভাগের একভাগ এই জলপথ দিয়ে পরিবহন করা হয়।

হিজলায় শ্রমিক দিবসে

সভাপতি মোঃ আবুল কালাম আজাদ, হিজলা গৌরনদী ইউনিয়ন সভাপতি মোঃ শিবলী নুমান, রিভ্রা-ভান শ্রমিক ইউনিয়নের সভাপতি মোঃ হিজলা উদ্দিন, ইমারত শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ আবুল কাাসেম, জেলে শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ আনোয়ার হোসেন হোসেন প্রমূখ। এছাড়াও সমাবেশে ফেডারেশনের উপজেলা, ইউনিয়ন ও ট্রেড ইউনিয়নদের বিভিন্ন পর্যায়ের নেতবৃন্দ ও বিভিন্ন পেশার শ্রমিকগণ উপস্থিত ছিলেন। সমাবেশ শেষে প্রায় দুই শতাধিক ভান নিয়ে একটি বর্ণাঢ্য র্যালি উপজেলা প্রধান প্রাণ ও হিজলা-বরিশাল-ঢাকা মহা সড়ক প্রদক্ষিণ করে কাউরিয়া বাজারে গিয়ে শেষ হয়।

ঝড়ের কবলে পড়ে মেঘনায়

আলম মাঝির ছেলে বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, শনিবার দুপুরে একটি নৌকা নিয়ে ইসমাইল মাঝি একাই মেঘনা নদীতে মাছ ধরতে যান এবং জাল ফেলে তা টেনে তোলার অপেক্ষায় ছিলেন। এমন সময় মাবানদীতে আকস্মিক কালবৈশাখি ঝড়ের কবলে পড়ে নৌকাটি ডুবতে শুরু করলে মাঝি তার নৌকাটি জালের গ্রাস্তিকিরে পলুট দিয়ে ভাসিয়ে রাখার চেষ্টা চালিয়ে যান। এ সময় বিপরীত দিক মদনপুর থেকে নাছিমমাঝি ঘাটের উদ্দেশ্যে ছেলে আসা যাত্রীবাহী একটি ট্রালারে থাকা লোকজন বিরাট দৈবেতে পেয়ে ভায়া মাঝি ও নৌকাটি দড়ি দিয়ে টেনে উদ্ধার করে তাঁরে নিয়ে আসেন। এ বিষয়ে জেলা সদরের ইলিশা নৌবানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেহাদ আশিকুর রহমান বলেন, এ ঘটনায় কোনো ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

বানারীপাড়ায় চাঁদাবাজি ও হত্যচেষ্টা মামলা

সিকদার বানী হয়ে প্রায়৪২কু মিনলমহর ৭ জনকে আসামী করে

গুরুবার রাতে বানারীপাড়া থানায় চাঁদাবাজি, টাকা ও চেক ছিনতাই মারবধ এবং হত্যচেষ্টার অভিযোগ এনে থানায় মামলা দায়ের করেন। মামলার আসামীরা হলেন ডিন সহোমর মোঃ ইকরামুল সিকদার মোঃ ইমরান সিকদার ও মোঃ এনাযুন্ সিকদার, মোঃ মাইনুল সিকদার, মোঃ সিরাজুল হক রাজু,আইউব আলী ওরফে আজিজা এবং বাবু। মামলা সূত্রে জানা গেছে- আসামীরা ২০২৪ সালের ৫ আগস্টের পরে বিভিন্ন সময় দলীয় প্রোথায়ের কথা বলে মামলার বাদী কাঠ ব্যবসায়ী ও স্থানীয় জামে মসজিদের সাধারণ সম্পাদক মুজাহিদুল হক মুরাদের কাছ থেকে ৫০ হাজার টাকা চান্না নেয়। সম্প্রতি মুরাদ সিকদার ইনুহার ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডে ইনুহার গ্রামে ইউপি সদস্য নির্বাচন

কবার ঘোষণা দিলে আসামীরা তাকে বিজয়ী করে দেবে মর্মে দাবি কাছে দুই লাখ টাকা চান্না দাবি করে। অন্যথায় তারা তাকে নির্বাচনী মাঠে নামতে দেবে না বলে হুমকি দেয়। তিনি তাদের চাঁদা দিতে অস্বীকৃতি জানালে আসামীরা ক্ষিপ্ত হয়ে গত ২৮ এপ্রিল রাত সাড়ে ৯ টার দিকে এলাকার জনৈক সিদ্দিক মোস্তাফা চায়ের দোকানে পেয়ে মুজাহিদুল হক মুরাদ সিকদারকে হত্যার উদ্দেশ্যে বেদম মারধর ও হাতুড়িগোটা করে গুরুতর আহত করে। এসময় ছেলেকে রক্ষা করতে গেলে মুরাদের বৃদ্ধ বাবা মোজার সিকদারকেও বেদম মারধর করা হয়। এসময় মুরাদ সিকদারের সঙ্গে থাকা একটি ব্যাগ ছিনিয়ে নেওয়া হয়। ওই ব্যাগে তার কাঠ ব্যবসার ১লাখ ৫৪ হাজার টাকা ও ব্যবসা প্রতিষ্ঠান মদিনা ট্রেডসেন্টর নামে গ্র্যাক ব্যাঙ্কের চেক ছিল বলে মামলায় উল্লেখ করা হয়। গুরুতর আহত মুরাদের পিতা-পুত্রকে উদ্ধার করে স্বজন ও স্থানীয়রা বানারীপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

১৩ বছর পর চার্জশিট

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল মোতালেব হাওলাদার, তার ছেলে জেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক ও বগা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মাহমুদ হাসেন, তার ভায়ে ইউপি সদস্য সুমনসহ মোট ১৯ জন জড়িত। মামলার বিরম্বে উল্লেখ করা হয়, ২০১৩ সালের রমজান মাসে বিএনপির সাবেক সসদ সদস্য শহিদুল আলম তালুকদারের পক্ষে ঈদের তত্তেজ্ঞা পোস্টার লাগানোকে কেন্দ্র করে বিরোধের সৃষ্টি হয়। ওই সময় বগা ইউনিয়নের টাওয়ার সড়কে হামলার শিকার হন যুবদলের ৬ নম্বর ওয়ার্ড সভাপতি মনিরুল হক মুন্সার। গুরুতর আহত অবস্থায় তাকে টাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। হামলায় আহত হন নিহতের শ্যালক জাকির হোসেনও। মামলার প্রধান সাক্ষী জাকির হোসেন বলেন, প্রকাশ্যে হত্যার ঘটনা ঘটলেও রাজনৈতিক প্রভাবের কারণে দীর্ঘদিন সুই তদন্ত হয়নি। তবে দেরিতে হলেও বিচারকার্য শুরু হওয়াকে তিনি ইতিবাচক হিসেবে দেখছেন। সব আসামির দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত হলে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, পলাতক আসামিদের দ্রুত ফ্রেফতারে পুলিশ কাজ করছে। তাদের আইনের আওতায় এনে আদালতে সোপর্দ করা হবে।

বাউফলে শালিস বৈঠকে

সাইদুল ও রফিক গুরুতর আহত হয়েছেন। ঘটনার সময় শালিস ঠেকে স্থানীয় ইউপি সদস্য মামুন হাওলাদারসহ সিদ্দিক মুন্সি, দুদুল মাস্টার ও মিজানুর মুন্সি উপস্থিত ছিলেন। ঘটনার পর উভয় পক্ষ থানায় অভিযোগ দিতে গেলে পুলিশ দাখিল পরীক্ষার্থী আদিসফ হাওলাদার ও মনির হাওলাদারকে আটক করে বলে স্থানীয়রা জানান। এ বিষয়ে জামায়েদ আহমেদ সোহাগ দাবি করেন, সাইদুল, মহিবুল ও রফিকসহ ১০-১২ জন তার ওপর প্রথমে হামলা চালায়। আত্মরক্ষায় পাল্টা প্রতিরোধ করতে গিয়ে প্রতিপক্ষের লোকজন আহত হয়। অন্যদিকে সাইদুলের স্বজনদের দাবি, জামশেদ অতর্কিত হামলা চালিয়েছেন। এ বিষয়ে বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম বলেন, প্রকল্প বাস্তবায়ন বিরোধে উভয় পক্ষের লোকজন আহত হয়েছেন। তাদের থানায় ডাকা হয়েছে। কাউকে আটক করা হয়নি।”

আমতলীতে খাল খনন কাজের

বরগনা-১ আসনের সসদ সদস্য মাওলানা মোঃ মাহমুদুল হোসাইন অলি উল্লাহ। এ সময় উপস্থিত ছিলেন আমতলী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী, আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মোঃ হাসনাব উদ্দিন পারভেজ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোঃ মাসুম, কুকুয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ বোরহান উদ্দিন মাসুম তালুকদার, উপজেলা বিএনপির সাবেক সভাপতি মোঃ জালাল উদ্দিন ফকির, সদস্য সচিব তুহিন মুখা, ইসলামী আলদোল বাংলাদেশ আমতলী শাখার সভাপতি মাওলানা ওমর ফারুক জেহাদী, পৌর বিএনপির আহ্বায়ক মোঃ কবির ফকির প্রমূখ। সংসদ সদস্য মাওলানা মোঃ মাহমুদুল হোসাইন অলি উল্লাহ বলেন, “অতিদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমান খাল খনন প্রকল্প হাতে নিয়েছেন। এ প্রকল্প বাস্তবায়ন হলে দু’টি ইউনিয়নের কয়েক হাজার কৃষক উপকৃত হবেন। প্রান্তিক জনগোষ্ঠির উন্নয়নেই প্রধানমন্ত্রী কাজ করে যাচ্ছেন।” উল্লেখ্য, দুর্গোণ ব্যবস্থাপনা অধিদফতর ৪ এপ্রিল কুকুয়া ইউনিয়নের পশ্চিম কেওয়ার্ণিয়া খালের তিন কিলোমিটার খননের জন্য ৭৭ লাখ ২৮ হাজার ৮৪২ টাকা এবং হালদিয়া ইউনিয়নের পশ্চবরুনিয়া খালের দুই কিলোমিটার খননের জন্য ৫১ লাখ ৩০ হাজার ৯৯৫ টাকা বরাদ্দ দেয়। খাল খননে ৩৯৭ জন হতদরিদ্র উপকারভোগী কাজ করবেন। সংশ্লিষ্ট ইউনিয়ন উন্নয়ন বাস্তবায়ন কমিটি এ খাল খননে সহায়তা করবেন।

সন্ধ্যা নদীর ফেরিঘাট রক্ষায়

পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন, উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান এস,এম আহসান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এইচ,এম দ্বীন মোহাম্মদ, উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান, ওসি মোঃ ইয়াকুব হোসাইন, পিরোজপুর জেলা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নুসাইহর হোসেনসহ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা বৃন্দ। পানি উন্নয়ন বোর্ডের জেলা নির্বাহী প্রকৌশলী নুসাইহর হোসেন জানান, আমরাগুড়ি ও আশোয়া দুই প্রান্তে ১৮৮মিটার নদীর পাত্রে ৩৪ হাজার ৮৪২ জিও ব্যাপ ও ৫৬৪ মিটার টিউব ফালানো হইবে। পিরোজপুর জেলার কাউখালী উপজেলায় গুরুত্বপূর্ণ এলাকায় নদী ভাঙন রোধে এই জরুরি প্রতিরক্ষা কাজ গ্রহণ করা হয়েছে। স্থানীয় জনগণের দীর্ঘদিনের দাবি ও নদীভাঙন পরিস্থিতি বিবেচনায় নিয়ে এ উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন করছে পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ (বাগাপট্রো)। সংশ্লিষ্ট কর্মকর্তারা সরোে জানান, এ বাঁধ নির্মাণ ও সংরক্ষার কাজ সম্পন্ন হলে নদী ভাঙনের ঝুঁকি অনেকাংশে কমে আসবে এবং এলাকার ব্যবসাবাড়া, কৃষিজমি ও অবকাঠামো রক্ষা পাবে। স্থানীয় বসতিবাহী এ উদ্যোগকে স্বাগত জানিয়ে দ্রুত ও টেকসইভাবে কাজ সম্পন্ন করার দাবি জানান।

ইসলামী শ্রমনীতি বাস্তবায়ন

বলা হয়েছে। শ্রমিকের ঘাম তকবারে আগেই তার পারিশ্রমিক পরিশোধের নির্দেশনা রয়েছে, যা বাস্তবায়ন করা হলে শ্রমিকদের অধিকার ও মর্যাদা নিশ্চিত হবে। গুরুত্বার (১ মে) সকাল ১০টায় মেহেন্দিগঞ্জ উপজেলায় আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষ্যে উপজেলা শ্রমিকদের ফেডারেশনের আয়োজিত শ্রমিক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমাবেশে সভাপতিত্ব



আন্তর্জাতিক মহান মে দিবস উপলক্ষে বরিশাল জেলা বাস,মিনিবাস, কোচ, মাইক্রোবাস শ্রমিক ইউনিয়ন রূপাতলীর আয়োজি আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে বিজয়ী শ্রমিকদের হাতে পুরস্কার তুলে দেন মহানগর বিএনপির সদস্য সচিব জিয়া উদ্দিন সিকদার



আন্তর্জাতিক মহান মে দিবস উপলক্ষে নির্যাতিত মটর শ্রমিক একতা এক সমন্ব বাংলাদেশ বরিশাল জেলা কমিটির নেতৃবৃন্দ উদ্যোগে র্যালি

-কীর্তনখোলা

করেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের মেহেদিগঞ্জ উপজেলা সভাপতি নুরে রাব্বী নাসিম ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক সৈয়দ ফয়েজ আহমেদ। এছাড়াও নানা আয়োজনের মধ্যে দিয়ে বরিশাল জেলার বিভিন্ন উপজেলায় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক শ্রমিক দিবস পালিত হয়েছে।

বাকেরগঞ্জ উপজেলা

বাকেরগঞ্জ উপজেলায় বর্ণাঢ্য র্যালি ও শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের বাকেরগঞ্জ উপজেলা সভাপতি মোস্তাকুর রহমান ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ নাসির উদ্দিন। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের বরিশাল জেলা উপদেষ্টা মাওলানা মাহমুদুরবী তালুকদার।

গৌরনদী উপজেলা

গৌরনদী উপজেলায় বর্ণাঢ্য র্যালি ও শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের গৌরনদী উপজেলা সভাপতি মোঃ সেলিম সরদার ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের বরিশাল জেলা উপদেষ্টা মাওলানা মাহমুদুরবী তালুকদার।

হিজলা উপজেলা

হিজলা উপজেলায় প্রায় দুই শতাধিক ভান নিয়ে বর্ণাঢ্য ভান র্যালি ও শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের বাকেরগঞ্জ উপজেলা সভাপতি মোঃ আলীউদ্দিন ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের হিজলা উপজেলা সভাপতি মোঃ খলিলুর রহমান ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ জাহাঙ্গীর হোসেন। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের বরিশাল জেলা অর্থ সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম ইউসুফ।

উক্তিরপুর উপজেলা

উক্তিরপুর উপজেলায় বর্ণাঢ্য র্যালি ও শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের উক্তিরপুর উপজেলা সভাপতি মোঃ আলাউদ্দিন ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ মহিউদ্দিন। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের উপজেলা প্রধান উপদেষ্টা মাওলানা আব্দুল খালেক।

মুলাদী উপজেলা

মুলাদী উপজেলায় বর্ণাঢ্য র্যালি ও শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের মুলাদী উপজেলা সভাপতি মোঃ আলাউদ্দিন প্যাদা ও সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ জামাল উদ্দিন। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের উপজেলা উপদেষ্টা মাওলানা মোর্শেদ আলম।

৫০ টাকার লোভ দেখিয়ে শিশুকে

বাসিন্দা। মেহেন্দীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মমিন উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। থানার পুলিশ জানায়, গত বৃহস্পতিবার (৩০ এপ্রিল) বিকেলে দুলাল জমাদার সাত বছরের শিশুটিকে ৫০ টাকা দেওয়ার কথা বলে তার মাছের খেয়ে নিয়ে যান। পরে তিনি শিশুকে শারীরিকভাবে নিপীড়িত করেন এবং অশ্লীল কথাবার্তা বলেন। এ সময় মেরেটি চিকিৎকা করলে তাকে ছেড়ে দেন তিনি। পরে মেরেটি বাড়ি গিয়ে বিষয়টি অভিভাবকদের জানিয়ে দেয়। ঘটনাটি এলাকায় জানাজানি হলে দুলাল জমাদার সকালে ওই এলাকায় গিয়ে শিশু নিপীড়নের বিষয়টি অস্বীকার করেন এবং অভিযোগটি মিথ্যা বলে প্রচার করতে থাকেন। ওই সময় এলাকার বিস্মুক্ত নারী-পুরুষ তাঁকে ধরে গণপিটুনি দেন। পরে তাঁকে পুলিশে সোপর্দ করেন। মেহেন্দীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মতিন উদ্দিন বলেন, যৌন নিপীড়নের ঘটনায় শিশুটির বাবা বাদী হয়ে মামলা করেছেন। আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার সকালে তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো

যুক্তরাষ্ট্রের সঙ্গে আবারও যুদ্ধ শুরু হতে পারে: ইরানি কমান্ডার

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে আবারও যুদ্ধ শুরু হতে পারে বলে জানিয়েছেন জ্যেষ্ঠ ইরানি সেনা কমান্ডার জাহাঙ্গীর আসাদি। বার্তাসংস্থা ফার্স নিউজকে এ কথা বলেন তিনি। গত বৃহস্পতিবার ইরানি মার্কিনদের কাছে চুক্তির বিষয়ে তাদের সংশোধিত নতুন প্রস্তাব ও এর পাতায় দেখুন



নামাজ থেকে দূরে সরে গেলে ঈমান দুর্বল হয়ে পড়ে

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী সুবজ জোমাদার, ভাণ্ডারিয়া বঙ্গবন্ধু জপুনের ভাণ্ডারিয়ায় গুরুত্বপূর্ণ রাস্তা ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে



সন্ধ্যা নদীর ফেরিঘাট রক্ষায় প্রতিরক্ষা বাঁধের উদ্বোধন

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার সন্ধ্যা নদীর তীরে আমড়াভূঁড়ি ফেরিঘাট ও আশোয়া এলাকায় জরুরি বাঁধ প্রতিরক্ষা কাজের উদ্বোধন করা হয়েছে। শনিবার আনুষ্ঠানিকভাবে এ কাজের শুভ উদ্বোধন করেন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী আহমদ সোহেল মনজুর এমপি। এ সময় উপস্থিত ছিলেন ও এর পাতায় দেখুন



সভাপতি এ্যাডভোকেট জহির উদ্দিন ইয়ামিন বলেছেন, শ্রমজীবী মানুষের অক্লান্ত পরিশ্রমের ওপরই আধুনিক সভ্যতা গড়ে উঠেছে। শ্রমিকরাই দেশের উৎপাদন ব্যবস্থা সচল রাখার মূল শক্তি। অখচ দেশে অনেক ক্ষেত্রে শ্রমিকদের ন্যায়্য পাওনা পরিশোধ না করে অন্যায়ভাবে ছাঁটাই করা হচ্ছে, যা শ্রম আইনের পরিপন্থী। ইসলামে শ্রমিক ও মালিকের মধ্যে আত্মতৃপূর্ণ সম্পর্কের কথা ও এর পাতায় দেখুন



আমতলীতে খাল খনন কাজের উদ্বোধন করলেন এমপি অলি

সাইহুল ইসলাম, আমতলী

প্রধানমন্ত্রী তারেক রহমানের খাল খনন কর্মসূচির আওতায় বরগুনার আমতলীতে দুটি খাল খনন কাজের উদ্বোধন করা হয়েছে। শনিবার (২ মে) ওই খাল খনন কাজের উদ্বোধন করেন ও এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডট্টউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টা: মেডিনোভা ডায়াগনস্টিক কমপ্লেক্স

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বাঁধ রোড, বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

প্রতিনিয়ত সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১০৪০৮০, ০১৭১১-২৪০৯৬৬

০১৭১০-০৬৭৮৮৬, ০১৭০৬-০৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

কীর্তনখোলা

বরিশাল ৯ রবিবার ৯ ০৩ মে ২০২৬ ৯ ২০ বৈশাখ ১৪৩৩

নারী-শিশু নির্যাতন মামলায় সাজার হার ৩ শতাংশ, খালাস ৭০

কীর্তনখোলা ডেস্ক দেশে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বিচারপ্রাপ্তির চিত্র উদ্বেগজনক। সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, এসব মামলায় সাজার হার মাত্র ৩ শতাংশ, বিপরীতে প্রায় ৭০ শতাংশ মামলায় আসামিরা খালাস পাচ্ছেন। বিচারপ্রক্রিয়ার দীর্ঘসূত্রতা, দুর্বল তদন্ত এবং সাক্ষী সুরক্ষার অভাবে একে পরিস্থিতির প্রধান কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। বাংলাদেশ সুপ্রিম কোর্ট ও ব্র্যাকের যৌথ উদ্যোগে পরিচালিত 'নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পদ্ধতিগত প্রতিবন্ধকতা এবং তা নিরসনের উপায়' শীর্ষক গবেষণায় এমন তথ্য উঠে এসেছে। শনিবার (২ মে) রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে আয়োজিত এক পরামর্শ সভায় গবেষণার ফলাফল ও এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় তালাবদ্ধ ঘর থেকে ৩০ কেজি গাঁজা উদ্ধার

মঠবাড়িয়া প্রতিনিধি মঠবাড়িয়ায় একটি তালাবদ্ধ ঘর থেকে প্রায় (৩০ কেজি) পনের লাখ টাকার গাঁজা উদ্ধার করেছে মঠবাড়িয়া থানা পুলিশ। শুক্রবার (১ মে) সন্ধ্যা ৭টার দিকে মঠবাড়িয়া পৌর শহরের আরামবাগ এলাকার মাওলানা মঞ্জিল নামক বাড়িতে অভিযান চালিয়ে ওই বিপুল পরিমাণ মাদক উদ্ধার করা হয়। পুলিশ বাড়ির ভাড়াটিয়া সাজেদুল রহমান মজিদের ও স্থানীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে আরামবাগ তালাবদ্ধ কক্ষ থেকে ও এর পাতায় দেখুন

বরিশালে বিভিন্ন দলের অর্ধশতাধিক নেতাকর্মীর এনসিপিতে যোগদান

কীর্তনখোলা রিপোর্ট

জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগদান করেছে বিভিন্ন দলের প্রায় অর্ধ শতাধিক নেতাকর্মী। শনিবার (০২ মে) দুপুর ১২টায় বরিশাল এস ক্লাবে যোগদান অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন উপজেলার গণঅধিকার পরিষদ, যুব অধিকার পরিষদসহ অন্যান্য দলের নেতাকর্মীরা এনসিপিতে যোগদান করেন। এ সময় তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন অনুষ্ঠানের সভাপতি, এনসিপি বরিশাল জেলার আদ্যাক আবু সাঈদ মুসা। মুসা জানান, বিভিন্ন দল থেকে অগ্রহ প্রকাশ করা নেতাকর্মীদের মধ্যে শতাধিক ও এর পাতায় দেখুন



যুবদল নেতা হত্যা মামলা ১৩ বছর পর চার্জশিট, ১৯ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

বাউফল প্রতিনিধি পটুয়াখালীর বাউফলে যুবদল নেতা মনিরুল হক মুখা হত্যা মামলায় দীর্ঘ ১৩ বছর পর অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) অভিযোগপত্র দাখিল করেছে। অভিযোগপত্র আমলে নিয়ে আদালত ১৯ জন আসামির বিরুদ্ধে বিচারকার্য শুরু নির্দেশ দিয়েছেন এবং পলাতকদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন। পটুয়াখালীর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রেনেসাঁ খান চার্জশিট গ্রহণ করে এ আদেশ দেন। এর আগে পুলিশসহ একাধিক সংস্থা মামলাটি তদন্ত করলেও সন্তোষজনক প্রতিবেদন দিতে পারেনি। সিআইডির অভিযোগপত্রে বলা হয়েছে, হত্যাকাণ্ডে বাউফল উপজেলা ও এর পাতায় দেখুন

বানারীপাড়ায় চাঁদাবাজি ও হত্যাচেষ্টা মামলা দুই সহযোগীসহ বিএনপি নেতা গ্রেপ্তার

বানারীপাড়া প্রতিনিধি বরিশালের বানারীপাড়ায় ইলুহারে চাঁদাবাজি, মারধর ও হত্যাচেষ্টা মামলায় দুই সহযোগীসহ এক বিএনপি নেতাকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। শনিবার (২ মে) সকালে তাদের বরিশালে আদালতের মাধ্যমে জেহাঙ্গাজতে পালানো হয়। এর আগে শুক্রবার (১ মে) দিবাগত গভীর রাতে উপজেলার ইলুহার ইউনিয়নের ইলুহার গ্রামে পুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হলেন- উপজেলার ইলুহার ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ সিরাজুল হক রাস্ত, তার সহযোগী মোঃ ইকরামুল সিকদার ও মোঃ এনামুল সিকদার। ওই গ্রামের কাঠ ব্যবসায়ী মুজাহিদুল হক মুরাদ ও এর পাতায় দেখুন

যুদ্ধ করল ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল লাভ চীন-রাশিয়ার

কীর্তনখোলা ডেস্ক

ইরান যুদ্ধ শুরু করার সময় দ্রুত ও নিশ্চিত জয়ের কথা বলেছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কিন্তু দুই মাস পর এসে দেখা যাচ্ছে, যুদ্ধ থেমে থাকলেও এর স্থায়ী কোনো সমাধান হয়নি। বরং এই সংঘাত এখন বৈশ্বিক অস্থিরতা ও এর পাতায় দেখুন



এডিসির বিরুদ্ধে ববি শিক্ষার্থীদের মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জুলাই -গণঅভ্যুত্থানের সময় শিক্ষার্থীদের ওপর হামলার অভিযোগে অভিযুক্ত বরিশাল মেট্রোজেনের অতিরিক্ত পুলিশ সুপার (এডিসি) রিয়াজ হোসেনের (পিপিএম) বিরুদ্ধে মানববন্ধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। শনিবার সকাল সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে শিক্ষার্থীরা ডিআইজি অফিসে (বরিশাল রেঞ্জ) তাদের স্বাক্ষর যুক্ত একটি 'স্মারকলিপি' পেশ করেন তারা। এডিসি রিয়াজ হোসেন সহ জুলাই গণঅভ্যুত্থানে হামলা চালানো অন্যান্যদের ও বিচার চেয়ে প্রতিবাদ জানানো হয় মানববন্ধনে। এসময় বক্তব্য রাখেন বাংলা বিভাগের শিক্ষার্থী সাজ্জাদ হোসেন। তিনি বলেন, "জুলাইয়ের সাথে আমাদের ও এর পাতায় দেখুন



ভিক্ষা করে মাসিক আয় ৬০ হাজার টাকা

চরফ্যাশন প্রতিনিধি

ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় ভিক্ষাবৃত্তিকে পেশা হিসেবে নিয়েছেন এক বৃদ্ধ। মায়াকান্ধা আর দুঃখের গল্প শুনিয়ে সাধারণ মানুষের সহানুভূতিক পুঁজি করে এই বৃদ্ধ দৈনিক প্রায় দুই থেকে আড়াই হাজার টাকা আয় করছেন। শুক্রবার (১ মে) চরফ্যাশনের স্থানীয় বাসিন্দা রাফিজ মালতিয়া ওই বৃদ্ধকে কর্মকাণ্ড নিয়ে একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে প্রকাশ করলে বিষয়টি ব্যাপক চর্চাধ্বস্তের সৃষ্টি করে। খোঁজ নিয়ে জানা যায়, ওই বৃদ্ধ তার পরিবার ও আত্মীয়-স্বজনদের কাছে নিজেদের চরফ্যাশন শহরের একজন চাকরিজীবী হিসেবে পরিচয় দিয়ে আসেন। কৌশল হিসেবে তিনি ভিক্ষাবৃত্তির কথা গোপন রেখেছেন পরিবারের কাছে আরও জানা যায়, প্রতিদিন সকালে তিনি ধর্মীয় লেবাসভূষাধার টুপি ও গেয়ে পাঞ্জাবি জুড়িয়ে হোটেল থেকে বের হন এবং হাসপাতাল রোডসহ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে ভিক্ষা ও এর পাতায় দেখুন



৫০ টাকার লোভ দেখিয়ে শিশুকে যৌন নিপীড়ন, বৃদ্ধ গ্রেফতার

মুন্সীগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দীগঞ্জে ৫০ টাকার লোভ দেখিয়ে প্রথম শ্রেণিতে পড়ুয়া এক শিশুকে যৌন নিপীড়নের অভিযোগে দুলাল জমাদার (৬০) নামের এক বৃদ্ধকে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার বিকেলে তাকে গ্রেপ্তার দেখানো হয়। এর আগে দুপুর সাড়ে ১২টার দিকে শিশু নিপীড়নের অভিযোগে দুলাল জমাদারকে আটক করে গণপরিদর্শন দিয়ে পুলিশ সোপর্দ করেন স্থানীয় বাসিন্দারা। পরে শিশুটির বাবা বাদী হয়ে থানায় মামলা করেন পুলিশ তাকে গ্রেপ্তার দেখায়। দুলাল জমাদার উপজেলার চর গোপালপুর ইউনিয়নের ও এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com